গাজীপুর সিটি কর্পোরেশন
নগর ভবন
প্রশাসন শাখা
gcc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## গাজীপুর সিটি কর্পোরেশনের ২৭ তম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীঃ-

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব আসাদুর রহমান কিরণ<br>মেয়র (ভারপ্রাপ্ত),<br>গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর। |
| সভার স্থান | ঃ | সম্মেলন কক্ষ (অঞ্চল-৩), গাজীপুর সিটি কর্পোরেশন। |
| সভার তারিখ | ঃ | ২৭.০২.২০২২ খ্রিঃ, রোজ রবিবার। |
| সভার সময় | ঃ | বেলা ১১:০০ ঘটিকা। |

*** পরিষদের সম্মানিত সদস্যদের উপস্থিতি তালিকা পরিশিষ্ট 'ক'**
*** গৃহিত উন্নয়ন প্রকল্পের তালিকা পরিশিষ্ট 'খ'**

সভার প্রারম্ভে মেয়র মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানান। পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতে সভাপতি মহোদয় মহান আল্লাহ রাব্বুল আলামিনের নিকট শুকরিয়া আদায় করেন। তিনি ভাষা আন্দলনের মাসে ভাষা শহীদদের প্রতি বিনম্র শ্রদ্ধা জানিয়ে সকল শহীদদের রুহের মাগফেরাত কামনা করেন। গাজীপুর জজ কোর্ট এর সিনিয়র আইনজীবি ও সিটি কর্পোরেশনের বিজ্ঞ আইন উপদেষ্টা এ্যাডঃ মোঃ আব্দুস সাত্তার এর আকস্মিক মৃত্যুতে সিটি কর্পোরেশনের পক্ষ্য থেকে গভীর শোক প্রস্তাব এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানানো হয়। সভাপতি আসন্ন মহান স্বাধীনতা দিবস ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন উপলক্ষ্যে ০৭ মার্চ বঙ্গবন্ধুর ঐতিহাসিক ভাষনের উপর আলোচনা, মুক্তিযুদ্ধের চেতনা, মুক্তিযুদ্ধের স্মৃতিচারণ, ১৭ই মার্চ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০২ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২২ যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য এবং ১৯ মার্চ গাজীপুর প্রথম সশস্ত্র প্রতিরোধের বীরদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন ও বীর শহীদদের রুহের মাগফেরাত কামনা, ২৬ শে মার্চ মহান স্বাধীনতা দিবস যথাযোগ্য মর্যাদায় পালন ও বিভিন্ন কর্মসূচী গ্রহন এবং বীরত্বগাঁথা "মুক্তিযুদ্ধে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী স্বাধীনতার মহানায়ক জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর অবদান" সম্পর্কে আলোচনা সভা, বীর মুক্তিযোদ্ধাদের সম্মাননা প্রদান এবং মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজনের প্রস্তাব করেন। বাংলাদেশের সর্ববৃহৎ সিটি কর্পোরেশন গাজীপুরবাসীর সেবার মান জনগণের দোর গোড়ায় পৌছে দেয়ার লক্ষ্যে ২য় বার সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়রের দায়িত্ব দেয়ায় মানবতার জননী দেশরত্ন সফল রাষ্ট্রনায়ক, বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা, গাজীপুর মহানগরের সর্বস্তরের জনগণকে পুনরায় আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন এবং কৃতজ্ঞতা প্রকাশ করা হয়। জনপ্রতিনিধি হিসাবে আমার পরিষদের অধিকাংশ সদস্যবৃন্দের সুদীর্ঘ বৎসরের অভিজ্ঞতা ও প্রজ্ঞা কাজে লাগিয়ে সকলের সার্বিক সহযোগিতায় সিটি কর্পোরেশনের উন্নয়ন তথা নাগরিক সেবার লক্ষ্যে নিশ্চিয়তা প্রদানের প্রত্যয় ব্যক্ত করা হয়। সভাপতি সকল কাউন্সিলর, কর্মকর্তা কর্মচারী এবং জনগণের সহযোগিতা কামনা করেন। অত:পর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে গাজীপুর সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মো: আমিনুল ইসলাম উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে স্মারক নং- ৪৬.১৯.০০০০.০০৪. ০৬.০০২.২২.৩৯, তারিখ ঃ ০৭.০২.২০২২ খ্রিঃ এর আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচী -০১ ঃ বিগত মাসিক সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ-**

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|---|
| ০১. | সভায় সভাপতি মহোদয়ের অনুমোতিক্রমে গাজীপুর সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ আমিনুল ইসলাম বিগত ২৬ তম মাসিক সভার কার্য বিবরণী সভায় পড়ে শুনান। | বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে কিছু মুদ্রনজনীত ত্রুটি অদ্যকার সভায় সংশোধনী এনে উহা অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | সচিব গাজীপুর সিটি কর্পোরেশন |

**সূচনা পর্ব**

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|---|
| ০১. | প্রধান নির্বাহী কর্মকর্তা সভায় উপস্থিত সকল সদস্যকে জানান যে, ২১ শে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস সরকারী নির্দেশনা অনুযায়ী গৃহিত বিভিন্ন কর্মসূচি যথাযোগ্য মর্জাদায় সার্থকভাবে পালন করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়। কোভিট-১৯ সফলভাবে মোকাবেলা করার লক্ষ্যে ভেক্সিনেশন প্রক্রিয়ায় জাতীয় প্রোগ্রাম থাকায় সভাপতি মহোদয় সভা সংক্ষিপ্ত করার প্রস্তাব করেন। মাসিক সভার রেজুলেশন ও নতুন প্রকল্পের তালিকা যথাসময়ে সকল সদস্যের নিকট পৌছানোর জন্য সকল কাউন্সিলরবৃন্দ স্বতস্ফূর্ত ভাবে মাননীয় মেয়র মহোদয়কে ধন্যবাদ জানান। মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রনালয় এবং স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা মোতাবেক | (ক) সভায় গণটিকা কর্মসূচী আরো দুই দিন বৃদ্ধি পাওয়ায় আলোচ্যসূচির বিষয়গুলো সংক্ষিপ্ত আকারে আলোচনা করে সভার কাজ শেষ করার সর্বসন্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>(খ) মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রনালয় এবং স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা মোতাবেক কর্মসূচী অধিকতর সুচারুরুপে পালনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয় (আলোচ্যসূচী ০৭- বিবিধ এ বিস্তারিত লিপিবদ্ধ করা আছে)। | সচিব গাজীপুর সিটি কর্পোরেশন |

| | | |
|---|---|---|
| | কর্মসূচী অধিকতর সুচারুরূপে আগামী ০১.০৩.২০২২ তারিখ হতে নিয়মিত ভাবে বাস্তবায়নের নিমিত্তে আলোচনা ও বিভিন্ন বাস্তবায়ন উপ-কমিটি গঠনের প্রস্তাব করা হয়। যা আলোচ্যসূচী ০৭- বিবিধ এ বিস্তারিত লিপিবদ্ধ হবে। | |

**আলোচ্যসূচী ঃ-০২ প্রকৌশল বিভাগ বিষয়ক আলোচনা ঃ-**

**(ক) DPP সংক্রান্ত চলমান উন্নয়মূলক আলোচনা ঃ-**

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|---|
| ০১. | সভায় উপস্থিত অতিরিক্ত প্রধান প্রকৌশলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ, নির্বাহী প্রকৌশলীগণ এবং সংশ্লিষ্ট প্রকল্পের প্রকল্প পরিচালকগণ বর্তমানে চলমান প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ সভায় উপস্থাপন করেন। সভাপতি মহোদয় জানান যে, নব-গঠিত গাজীপুর সিটি কর্পোরেশনের ব্যাপক উন্নয়নের লক্ষ্যে মানবতার জননী দেশরত্ন সফল রাষ্ট্রনায়ক, বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা পর্যাপ্ত পরিমান অর্থ বরাদ্দ দিয়েছেন। আরো কিছু প্রকল্প সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে অনুমোদনের অপেক্ষায় রয়েছে। বরাদ্দকৃত অর্থে ইতোমধ্যে সিটি এলাকায় উন্নয়ন কাজ চলছে। ডিপিপি, এডিপি, জাইকা ও অন্যান্ন সংস্থার অর্থায়নে গৃহিত উন্নয়ন কাজ দ্রুতগতিতে সম্পন্ন করতঃ নির্ধারিত সময়ে তা সমাপ্ত করার জন্য প্রকৌশল বিভাগকে জরুরী পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়।<br><br>সভায় উপস্থিত অতিরিক্ত প্রধান প্রকৌশলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ, নির্বাহী প্রকৌশলীগণ এবং সংশ্লিষ্ট প্রকল্পের প্রকল্প পরিচালকগণ বর্তমানে চলমান প্রকল্পের বিবরণ সভায় উপস্থাপন করেন। সভাপতি মহোদয় জানান যে, নব-গঠিত গাজীপুর সিটি কর্পোরেশনের ব্যাপক উন্নয়নের লক্ষ্যে মানবতার জননী দেশরত্ন সফল রাষ্ট্রনায়ক, বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা পর্যাপ্ত পরিমান অর্থ রাদ্দ দিয়েছেন। উক্ত বরাদ্দকৃত অর্থে ইতোমধ্যে সিটি এলাকায় উন্নয়ন কাজ শুরু হয়েছে। তিনি আরও জানান যে, উন্নয়ন কাজ চলমান থাকবে এবং নির্ধারিত সময়ে তা সমাপ্ত করতে হবে। রাস্তা সম্প্রসারনের বিষয়ে সুনির্দিষ্ট সরকারী নীতিমালা মানতে হবে। এ বিষয়ে স্থানীয় সরকার মন্ত্রণালয়, জেলা প্রশাসনসহ সংশ্লিষ্টদের সঙ্গে আলোচনা করে বিধি অনুযায়ী পদক্ষেপ নেয়া হবে। তিনি আরও জানান যে, বিগত সময়ে সরকারী অর্থের গৃহিত প্রকল্প প্রতিটি ওয়ার্ডে সঠিকভাবে বন্টন করা হয় নাই। ফলে কাউন্সিলরগণ জনগণকে দেয়া প্রতিশ্রুতি বাস্তবায়ন করতে পারছে না।<br>১) সভায় উপস্থিত অতিরিক্ত প্রধান প্রকৌশলী সভাকে জানান যে, গাজীপুর সিটি কর্পোরেশনের অধীনে বর্তমানে ৫টি উন্নয়ন প্রকল্পের কাজ এবং একটি টিএপিপি এর কাজ চলমান আছে। তিনি সভায় উপস্থিত প্রকল্প পরিচালকদের স্ব-স্ব প্রকল্পের অগ্রগতির প্রতিবেদন উপস্থাপনের জন্য অনুরোধ করেন।<br>(ক) "গাজীপুর সিটি কর্পোরেশনের ভৌত অবকাঠামো উন্নয়ন (রাস্তা ও ড্রেন)" (ডিপিপি-৭০০.৬০) শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক এর অতিরিক্ত দায়িত্বে নিয়োজিত জনাব মোঃ মজিবুর রহমান সভায় প্রকল্পের অগ্রগতির প্রতিবেদন উপস্থাপন করেন।<br>তিনি সভাকে জানান যে, প্রকল্পের অন্তর্ভূক্ত মোট ৫৮ টি প্যাকেজের কাজ চলমান আছে। প্রকল্পের প্রাক্কলিত মূল্য ৭০০.৬০ টাকা ইতোমধ্যেই ১৫ টি প্যাকেজের কাজ শেষ হয়েছে, ৩০ টি প্যাকেজের কাজ প্রায় ৮০% শেষ হয়েছে। Over all অগ্রগতি ৮০%। প্রকল্পের সমাপ্তির তারিখ নির্ধারিত আছে আগামী ৩০.০৬.২০২২ তারিখ পর্যন্ত। যাহা আগামী ডিসেম্বর ২০২২ পর্যন্ত বৃদ্ধি করার জন্য স্থানীয় সরকার বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। তিনি আরো জনান যে, গত ০১.০২.২০২২ তারিখে প্রজেক্ট স্টেয়ারিং কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় সময় বৃদ্ধির বিষয়টি সুপারিশ করা হয়েছে।<br>তিনি সভাকে আরো জানান যে, কিছু উপ-প্রকল্প সাইট সংক্রান্ত জটিলতার কারণে বাস্তবায়ন করা যাচ্ছে না। অন্য দিকে কিছু উপ-প্রকল্পের ঠিকাদারদের কাজের অগ্রগতি সন্তোষজনক নয়।<br>এ বিষয়ে মাননীয় মেয়র (ভারঃ) মহোদয় সভায় জানান যে, সাইট সংক্রান্ত জটিলতা উপ-প্রকল্পগুলি সাইট পরিদর্শন পূর্বক বাস্তবায়ন করা সম্ভব না হলে সাইট পরিবর্তন করা যেতে পারে। অন্যদিকে যে সকল ঠিকাদারের কাজের গতি সন্তোষজনক নয় তাদের বিষয়ে চুক্তিপত্রের শর্তের আলোকে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহন করা যেতে পারে। মেয়র (ভারঃ) মহোদয় সভায় আরো জানান যে, প্রকল্প জুন ২০২২ এর মধ্যে সম্পন্ন করা সম্ভব হবে না বিধায় সময় বৃদ্ধির জন্য এবং পুনরায় Re-cast প্রস্তুত করে স্থানীয় সরকার বিভাগে অনুমোদনের জন্য প্রেরণ করা যায়।<br>(খ) "গাজীপুর সিটি কর্পোরেশনের ১-৫ নং জোনের রাস্তা, ড্রেন এবং ফুটপাত নির্মাণ" শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব মোঃ মজিবুর রহমান তাঁর প্রকল্পের অগ্রগতির প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। | সভায় বর্ণিত বিষয়ে সংখিপ্ত আলোচনা করা হয়। আলোচনান্তে ডিপিপি, এডিপি, জাইকা ও অন্যান্য সংস্থার অর্থায়নে এবং নিজস্ব অর্থায়নে চলমান প্রকল্পের কাজ অব্যাহত রাখা এবং নির্ধারিত সময়ে সম্পন্ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহিত হয়:-<br>ডিপিপি, এডিপি, জাইকা ও অন্যান্য সংস্থার অর্থায়নে এবং নিজস্ব অর্থায়নে চলমান প্রকল্পের কাজ অব্যাহত রাখা এবং নির্ধারিত সময়ে সম্পন্ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(ক) (১) যে সকল প্যাকেজের সাইট সংক্রান্ত জটিলতা ও Tecnical কারণে Revised/Re-cast করার প্রয়োজন সেই সকল প্যাকেজগুলো Revised/Re-cast করার অনুমোদন দেয়া যেতে পারে এবং যে সকল ঠিকাদারের কাজের গতি সন্তোষজনক নয় তাদের বিষয়ে চুক্তিপত্রের (পিপিআর) শর্ত অনুযায়ী ব্যবস্থা নেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ক) (২) প্রকল্পের সময় আগামী ডিসেম্বর/২০২২ পর্যন্ত বৃদ্ধি করার জন্য স্থানীয় সরকার বিভাগের অনুমোদন চেয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(ক) (৩) অনুমোদিত বর্ধিত সময়ের মধ্যে প্রকল্পটির কাজ সার্বিকভাবে সম্পন্ন করার বিষয়ে প্রকল্প পরিচালককে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হলো।<br><br>(খ) (১) যে সকল প্যাকেজের সাইট সংক্রান্ত জটিলতা ও Tecnical কারণে Revised/Re-cast করার প্রয়োজন সেই সকল প্যাকেজগুলো Revised/Re-cast করার | প্রকৌশল বিভাগ |

| | |
|---|---|
| তিনি সভাকে জানান যে, প্রকল্পের অন্তর্ভুক্ত মোট ৭২ টি প্যাকেজ কাজ চলমান আছে। প্রাক্কলিত মূল্য ১৫৪৯.৫০ টাকা। ইতিমধ্যেই ১২ টি প্যাকেজের কাজ শেষ হয়েছে, ২০ টি প্যাকেজের কাজ প্রায় ৮৫% শেষ হয়েছে। Over all অগ্রগতি ৬৪%। প্রকল্পের সমাপ্তির তারিখ নির্ধারিত আছে আগামী ৩০.০৬.২০২২ তারিখ পর্যন্ত। যাহা আগামী জুন ২০২৩ পর্যন্ত বৃদ্ধি করার জন্য স্থানীয় সরকার বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। তিনি আরো জনান যে, গত ০১.০২.২০২২ তারিখে প্রজেক্ট স্টেয়ারিং কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় সময় বৃদ্ধির বিষয়টি সুপারিশ করা হয়েছে।<br><br>তিনি সভাকে আরো জানান যে, কিছু উপ প্রকল্প সাইট সংক্রান্ত জটিলতার কারণে বাস্তবায়ন করা যাচ্ছে না। অন্য দিকে কিছু উপ প্রকল্পের ঠিকাদারদের কাজের অগ্রগতি সন্তোষজনক নয়।<br><br>এ বিষয়ে মাননীয় মেয়র (ভারঃ) সভায় জানান যে, সাইট সংক্রান্ত জটিলতা উপ-প্রকল্পগুলি সাইট পরিদর্শন পূর্বক বাস্তবায়ন করা সম্ভব না হলে সাইট পরিবর্তন করা যেতে পারে। অন্যদিকে যে সকল ঠিকাদারের কাজের গতি সন্তোষজনক নয় তাদের বিষয়ে চুক্তিপত্রের শর্তের আলোকে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহন করা যেতে পারে। মেয়র (ভারঃ) মহোদয় সভায় আরো জানান যে, প্রকল্প জুন ২০২২ এর মধ্যে সম্পন্ন করা সম্ভব হবে না বিধায় সময় বৃদ্ধির জন্য এবং পুনরায় Re-cast/Revised প্রাক্কলন প্রস্তুত করে স্থানীয় সরকার বিভাগে অনুমোদনের জন্য প্রেরণ করা যায়। | অনুমোদন দেয়া যেতে পারে এবং যে সকল ঠিকাদারের কাজের গতি সন্তোষজনক নয় তাদের বিষয়ে চুক্তিপত্রের (পিপিআর) শর্ত অনুযায়ী ব্যবস্থা নেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) (২) প্রকল্পের সময় আগামী ডিসেম্বর/২০২২ পর্যন্ত বৃদ্ধি করার জন্য স্থানীয় সরকার বিভাগের অনুমোদন চেয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>(খ) (৩) অনুমোদিত বর্ধিত সময়ের মধ্যে প্রকল্পটির কাজ সার্বিকভাবে সম্পন্ন করার বিষয়ে প্রকল্প পরিচালককে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হলো। |
| ১ (গ) "গাজীপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন জোনের প্রধান সংযোগ রাস্তাগুলি প্রশস্ত করণসহ নর্দমা ও ফুটপাত নির্মাণ" শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব মোঃ আকবর হোসেন সভায় জানান যে, প্রকল্পটিতে মোট ০৯ টি রাস্তা ১৮ টি প্যাকেজ আছে। প্রকল্পটি প্রধান অঙ্গের মধ্যে ৯টি রাস্তার দুই পার্শ্বে মোট ৩৮'-০' প্রশস্থতায় প্রায় ৮১ কি.মি. রাস্তায় মোট ২৩৯.৭৮ একর জমি অধিগ্রহন করার জন্য ১৬৯৭.৬৪ কোটি টাকা এবং ক্ষতিপূরণ বাবদ আরও ৫০০.০০ কোটি টাকা অনুমোদিত আছে। ৫০ কোটি টাকা ইউটিলিটি স্থানান্তর বাবদ ডিপিপি তে অনুমোদন আছে। ১৭ টি প্যাকেজের মধ্যে ইতিমধ্যে ৪টি প্যাকেজের এল-এ কেস নং- ১০/২০১৯-২০, ১১/২০১৯-২০, ১২/২০১৯-২০২০, ১৩/২০১৯-২০ এর মধ্যে অধিগ্রহন প্রক্রিয়া চলমান আছে। এর আওতায় প্রায় ৬৫ একর জমি গত ২০.১২.২০২১ তারিখে স্মারক নং-৩১.০০.০০০০.০৪৭.৪৭.০৩১.২০-৩৩৪, ২৮.১২.২০২১ খ্রিঃ তারিখে স্মারক নং-৩১.০০.০০০০.০৪৭.৪৭.০২৯.২০-৩৪০, ২৮.১২.২০২১ খিঃ তারিখে স্মারক নং-৩১.০০.০০০০.০৪৭.৪৭.০২৮.২০-৩৩৯ এর মাধ্যমে ভূমি মন্ত্রণালয় থেকে ভূমি অধিগ্রহণের চূড়ান্ত অনুমোদন পাওয়া যায়। বাকী প্যাকেজগুলো স্থানীয় সরকার থেকে প্রশাসনিক অনুমোদন নিয়ে রাজউক নগর উন্নয় অধিদপ্তর এবং পরিবেশের ছাড়পত্র গ্রহন করে অধিগ্রহনের জন্য স্মারক নং-৪৬.১৯.০০০০.০১৮.৯৯.০২২.২০.১৩৬৭, ১৩৬৮, ১৩২৫, ১৩২৪, ১৮২৪, ১৮৬৮, ১৮৭২, ১৮৭৩, ১৮৭৪, ১৯০৪, ১৯০৫, ১৯০৬, ১৯০৭, ১৯০৮, ১৯০৯, ১৯১০ যথাক্রমে ২৪/১২/২০২০, ২১/১২/২০২০, ০৯/০২/২০২১, ১৫/০২/২০২১, ২২/০২/২০২১ তারিখে জেলা প্রশাসক অফিসে জমা দেয়া আছে। বর্তমানে জেলা প্রশাসক অফিসের কর্মকর্তা/কর্মচারী এবং সিটি কর্পোরেশনের কর্মকর্তা সমন্বয়ে সম্ভাব্যতা যাচাই কাজ চলমান আছে।<br>অন্যদিকে ৪টি প্যাকেজের টেন্ডার আহবানের যাবতীয় প্রক্রিয়া শেষ করে ঠিকাদারের সাথে চুক্তি পত্র সম্পাদন করা হয়েছে। অধিগ্রহন প্রক্রিয়া শেষ হলে কাজ আরম্ভ করা সম্ভব হবে। চুক্তি সম্পদনের পর অধিগ্রহণ প্রক্রিয়া সমাপ্ত না হওয়ার কারণে ঠিকাদারদেরকে যথাসময়ে সাইট বুঝিয়ে দেয়া সম্ভব হয়নি অন্যদিকে নির্মান সামগ্রীর মূল্য বৃদ্ধির কারণে ITT-Clause No.-13.1 এর আলোকে ঠিকাদারগণ দাখিলকৃত অনুমোদিত দরের মূল্য বৃদ্ধির জন্য আবেদন করেন।<br>মাননীয় মেয়র মহোদয় সভায় জানান যে, চুক্তিপত্রের শর্তের মধ্যে মূল্য বৃদ্ধির কোন Provision না থাকলে মূল্য বৃদ্ধির কোন অবকাশ নাই। যেহেতু অধিগ্রহণ প্রক্রিয়া অনেক সময় লেগে যাচ্ছে সেহেতু যথাসময়ে ঠিকাদারদের সাইট বুঝিয়ে দেয়া সম্ভব হয়নি। বর্তমানে হয়ত কিছু দিনের মধ্যে ঠিকাদারদের সাইট বুঝিয়ে দেয়া সম্ভব হবে। সুতরায় সংশ্লিষ্ট ঠিকাদারের দাখিলকৃত এবং অনুমোদিত রেট অনুযায়ী ঠিকাদার কাজ করলে সিটি কর্পোরেশনের পক্ষ থেকে সার্বিক সহযোগিতা করা হবে। অন্যদিকে কোন ঠিকাদার কাজ করতে অপারগ হলে Contract document এর শর্ত অনুযায়ী Amicable Settlement এর মাধ্যমে চুক্তি বাতিল করা যেতে পারে। অন্যদিকে যেহেতু প্রকল্পটির জমি অধিগ্রহণ করতে গিয়ে অনেক সময় লেগে যাচ্ছে সেহেতু প্রকল্পটির সময় বৃদ্ধির জন্য স্থানীয় সরকার বিভাগে প্রস্তাব প্রেরণ করা যায়। উল্লেখিত ডিপিপিতে কিছু গুরুত্বপূর্ণ উপ-প্রকল্প সংযোজন ও পরিবর্তন করে বাস্তবায়ন করা যায়। | (গ) (১) প্রকল্পটির জমি অধিগ্রহনের বিষয়ে জেলা প্রশাসক মহোদয়ের সাথে যোগাযোগ করে দ্রুততার সাথে কার্যকরী ব্যবস্থা গ্রহনের জন্য মাননীয় মেয়র মহোদয়, প্রধান নির্বাহী কর্মকর্তা ও অতিরিক্ত প্রধান প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হলো এবং এ বিষয়ে জেলা প্রশাসকের অফিসের সাথে সার্বক্ষনিক যোগাযোগের জন্য প্রকল্প সংশ্লিষ্ট উপ-প্রকল্প পরিচালক জনাব রকিবুল হাসান রাসেলকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হলো।<br>(গ) (২) জমি অধিগ্রহনে বিলম্ব হওয়ায় প্রকল্পটির মেয়াদ আগামী ডিসেম্বর/২০২৩ পর্যন্ত সময় বৃদ্ধির সুপারিশ করার সিদ্ধান্ত গৃহিত হলো।<br>(গ) (৩) ০৪ (চার) টি প্যাকেজের চুক্তিবদ্ধ ঠিকাদারগণ তাঁকে দাখিলকৃত অনুমোদিত রেটে এ কাজ করতে রাজি থাকলে তাঁদেরকে কাজ করার অনুমোদন দেয়া যায়। অন্যথায় পিপিআর-২০০৮ এর বিধান মতে Amicable Settlement এর মাধ্যমে চুক্তি বাতিল করে ঠিকাদারের Performance Gurantee ফেরৎ প্রদানপূর্বক নতুনভাবে টেন্ডার আহবান করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(গ) (৪) ডিপিপি তে অনুমোদিত উপ-প্রকল্পের মধ্যে কিছু গুরুত্বপূর্ণ রাস্তা সংযোজন ও পরিবর্তন করে প্রকল্পগুলো রিভাইজ/রিকাষ্ট প্রস্তুত করে অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। যাহা আগামী ডিসেম্বর ২০২৩ পর্যন্ত বৃদ্ধি করার জন্য স্থানীয় সরকার বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। তিনি আরো জনান যে, গত ০১.০২.২০২২ তারিখে প্রজেক্ট স্টেয়ারিং কমিটির সভা অনুষ্ঠিত | (ঘ) (১) প্রকল্পটির বাকী Equipment ক্রয়ের স্বার্থে আগামী জুন/২০২২ পর্যন্ত সময় বৃদ্ধির প্রস্তাব স্থানীয় |

| | | | |
|---|---|---|---|
| | হয়েছে। উক্ত সভায় সময় বৃদ্ধির বিষয়টি সুপারিশ করা হয়েছে। | সরকার বিভাগের অনুমোদনের জন্য প্রেরণ করা যায়। | |
| | (ঘ) গাজীপুর সিটি কর্পোরেশনের "Asphalt Plant স্থাপন" শীর্ষক প্রকল্পটির প্রকল্প পরিচালক জনাব মোঃ আশরাফ হোসেন সভায় জানান যে, প্রকল্পটি শেষ হওয়ার মেয়াদ ডিসেম্বর/২০২১ পর্যন্ত নির্ধারিত আছে। কিন্তু উল্লেখিত সময়ের মধ্যে প্রকল্পটি সমাপ্ত করা সম্ভব নয়। কারণ বেশ কিছু Equipment এখনো Shipment করা যায়নি। বিধায় আগামী জুন/২০২২ পর্যন্ত সময় প্রয়োজন।<br>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (ঘ) (২) ডিপিপিতে উল্লেখিত মালামাল/ Equipment গুলো বর্ধিত নির্ধারিত সময়ের মধ্যে সরবরাহ নেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | (ঙ) গাজীপুর সিটি কর্পোরেশনের কঠিন বর্জ ব্যবস্থাপনার জন্য এবং বাস ট্রাক টার্মিনাল নির্মানের জন্য জমি অধিগ্রহণ শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক নমিতা দে সভায় জানান যে, প্রকল্পটিতে ১০০ বিঘা জমি কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য নির্ধারিত আছে অন্য দিকে বাস-ট্রাক টার্মিনাল নির্মানের জন্য ২০০ বিঘা জমি ডিপিপি-তে অনুমোদিত আছে। বর্তমানে কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য অনুমোদিত ডিপিপিতে নির্ধারিত মৌজা-মজলিশপুর,ইটাহাটা, ইসলামপুর, হাতিয়াব ১০০ বিঘা জমি অধিগ্রহনের জন্য প্রশাসনিক অনুমোদন চেয়ে স্থানীয় সরকার বিভাগে পত্র দেয়া হয়েছে।<br>মাননীয় মেয়র (ভারপ্রাপ্ত) মহোদয় সভায় জানান যে, অনুমোদিত ডিপিপিতে ৮টি জোনে মোট ২০০ বিঘা জমি অধিগ্রহনের জন্য মৌজার নাম উল্লেখ করা আছে। যথাঃ-<br>অঞ্চল-১ কাকিল সাতাইশ, বড় দেওড়া-জমির পরিমাণ = ৫০ বিঘা<br>অঞ্চল-২ পুবাইল, খিলগাঁও,নারায়ণকূল, তালটিয়া - " = ৫০ বিঘা<br>অঞ্চল-৩ কুনিয়া, কলমেশ্বর " = ১০ বিঘা<br>অঞ্চল-৪ বাঙ্গালগাছ,ভারারুল,ধীরাশ্রম " = ১০ বিঘা<br>অঞ্চল-৫ বিশুইয়া,কুড়িবাড়ী,আড়াইশত প্রশাদ " = ৩০ বিঘা<br>অঞ্চল-৬ ভোগড়া,চান্দনা,যোগীতলা " = ১০ বিঘা<br>অঞ্চল-৭ বাগিয়া,মিরপুর,বাইমাইল " = ৩০ বিঘা<br>অঞ্চল-৮ সুরাবাড়ী,সরুপাইতলী " = ১০ বিঘা<br>এমতাবস্থায় জোন ভিত্তিক সম্মানীত কাউন্সিলর এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে ডিপিপিতে বর্ণিত মৌজার আলোকে স্থান নির্বাচনের জন্য কমিটি গঠন করা যায় একই সাথে উল্লেখিত মৌজার মধ্যেই Secondary Transfar Station (STS) নির্মানের জন্য এবং কবরস্থান/শশ্মান ঘাট নির্মাণের জন্য কিছু জমি সংস্থানের পরামর্শ দেন যা পরবর্তী Re-cast/Revised DPP তে সমন্বয় করা যেতে পারে। অন্যদিকে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পটি সমাপ্ত করা সম্ভব হবে না বিধায় সময় বৃদ্ধির প্রস্তাব স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (ঙ) (১) কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য ১০০ বিঘা জমি ডিপিপিতে অনুমোদিত মৌজা অনুযায়ী জরুরী ভিত্তিতে অধিগ্রহনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(ঙ) (২) ৮টি জোনের সংশ্লিষ্ট কাউন্সিলরদের মিটিং এর সিদ্ধান্তের আলোকে উল্লেখিত মৌজায় জমি অধিগ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(ঙ) (৩) বাস-ট্রাক টার্মিনালের জমির ভিতর থেকে Secondary Transfer Station (STS) নির্মানের জন্য এবং কবরস্থান/শশ্মান ঘাট নির্মাণের জন্য কিছু জমি সংরক্ষনের নিমিত্তে কমিটিকে অনুরোধ করা এবং যা পরবর্তীতে Revised/Re-cast করে ডিপিপিতে অর্ন্তভূক্ত করা যেতে পারে।<br>(ঙ) (৪) প্রকল্পটি সুষ্ঠভাবে সম্পন্ন করার স্বার্থে আগামী জুন/২০২৩ পর্যন্ত সময় বৃদ্ধির বিষয়ে স্থানীয় সরকার বিভাগে প্রস্তাব প্রেরণ করা যেতে পারে।<br>(ঙ) (৫) কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য আরো ৩০ একর জমি অধিগ্রহণের নিমিত্তে চলমান ডিপিপিতে অন্তর্ভূক্তির নিমিত্তে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | |

**(খ) রাস্তা খনন/কর্তন অনুমোদন বিষয়ক আলোচনা ঃ-**

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|---|
| ০১. | ৪৬ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ নুরুল ইসলাম সভাকে জনান যে, সিটি কর্পোরেশন একটি সেবামূলক প্রতিষ্ঠান। নাগরিক এবং বিভিন্ন প্রতিষ্ঠানকে দ্রুত সেবা প্রদানের লক্ষ্যে সিটি কর্পোরেশনের বিভিন্ন দপ্তরের কার্যক্রম আরো গতিশীল করার জন্য বিশেষ করে বিদ্যুৎ, পানি, গ্যাস, টেলিফোন লাইন সংযোগসহ বিভিন্ন ইউটিলিটি লাইন নেয়ার জন্য রাস্তা খনন অনুমোদন সহজিকরণ করা প্রয়োজন। তিনি বলেন রাস্তা খননের আবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট রাস্তার পরিমাপ গ্রহনপূর্বক চাহিদা পত্র দ্রুত সংশ্লিষ্ট বিভাগ হয়ে প্রধান নির্বাহী কর্মকর্তা হয়ে মেয়র এর নিকট উপস্থাপন করবেন। স্বাক্ষরিত চাহিদা পত্র আবেদনকারী/প্রতিষ্ঠান প্রাপ্তির পর রাস্তা খনন ফি পে-অর্ডার আকারে মেয়র গাজীপুর সিটি কর্পোরেশন এর অনুকূলে জমা দিবেন। কোন অবস্থাতেই কোনো কর্মকর্তার টেবিলে ফাইল আটকে রাখা যাবে না। এ বিষয়ে প্রধান নির্বাহী কর্মকর্তা দৃষ্টি আকর্ষণ করেন।<br>প্রধান নির্বাহী কর্মকর্তা সভাকে জানান যে, অনিয়ম ও দুর্নিতি রোধ কল্পে কিছু পদক্ষেপ গ্রহন করা হয়েছে। এরই অংশ হিসাবে বিভিন্ন ক্ষাতের আদায়কৃত পে-অর্ডার নগর ভবনে আনয়নপূর্বক হিসাব বিভাগে জমা করা হচ্ছে।<br>মেয়র মহোদয় নতুন নির্মিত সিসি, আরসিসি, বিটুমিনাস কার্পেটিং রাস্তার লইবিলিটি পিরিয়ট অর্থাৎ এক বৎসর অতিক্রান্ত না হওয়া পর্যন্ত রাস্তা খননের অনুমোতি বিশেষ পরিস্থিতি ব্যতিত না দেয়ার পরামর্শ দেন। রাস্তা খনন ফি এর পরিমাণ সঠিকভাবে নিরুপনের জন্য সংশ্লিষ্ট বিভাগকে তদারকি করে নথি উপস্থাপনের নির্দেশনা দেন। বিভিন্ন সময় কারখানা কর্তৃপক্ষ NOC এর জন্য আবেদন করেন যা দ্রুত বাস্তবায়নের জন্য প্রস্তাব করেন। মাননীয় মেয়র মহোদয় ও সম্মানিত কাউন্সিলরগণের সাথে একমত পোষন করে একটি বাস্তবতার নিরিখে, আইনানুগ সুস্পষ্ট সিদ্ধান্ত নেওয়ার মতামত পোষন করেন। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নতুন নির্মিত সিসি, আরসিসি, বিটুমিনাস কার্পেটিং রাস্তার লাইবিলিটি পিরিয়ট অতিক্রান্ত না হলে বিশেষ পরিস্থিতি ব্যতিত রাস্তা খননের অনুমতি না দেয়ার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রকৌশল বিভাগ |

...ক্টার প্ল্যান প্রনয়ন বিষয়ক আলোচনা ঃ-

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|---|
| ০১. | TAPP এর প্রকল্প পরিচালক জনাব মইনুল ইসলাম সভায় জানান যে, "Preparation of Urban Development Plan for Gazipur City Corporation" শীর্ষক প্রকল্প বাস্তবায়নের জন্য Single Source প্রক্রিয়া অনুসরণ করে ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সাথে চুক্তি স্বাক্ষর করা হয়েছে এবং প্রকল্প সম্পন্ন করার জন্য ফেব্রুয়ারী/২০২২ পর্যন্ত সময় নির্ধারিত আছে।<br><br>প্রকল্প পরিচালক সভাকে আরো জানান যে, গত ১৯.০৫.২০২০ তারিখে স্থানীয় সরকার বিভাগ থেকে প্রকল্পটির প্রশাসনিক অনুমোদন পাওয়া যায় এবং গত ১৪.০৬.২০২০ তারিখে Single Source পদ্ধতিতে নিয়োগের জন্য DUET কে পত্র দেয়া হয়। গত ২৭.০৮.২০২০ তারিখে DUET এর সাথে চুক্তিপত্র স্বাক্ষর হয়। DUET গত ০১.০৩.২০২১ তারিখে Sub-Consultant হিসাবে Access Asia লি. এর সাথে চুক্তিপত্র স্বাক্ষর করে যার কার্যকারিতা দেখানো হয়েছে ২৭.০৮.২০২০ তারিখ থেকে। বর্তমান পর্যন্ত কাজের অগ্রগতি খুবই হতাশা জনক।<br>মেয়র মহোদয় সভায় জানান যে, অদ্য বিকাল ৪:০০ ঘটিকায় DUET এর মাননীয় VC মহোদয়ের সাথে TAPP এর বিষয়ে আলোচনা হবে। এ বিষয়ে DUET কর্তৃক নিয়োগকৃত Sub-Consultant Access Asia লিঃ এর নতুন ওয়ার্ক প্ল্যান অনুযায়ী কিভাবে অতিরিক্ত বর্ধিত সময়ের মধ্যে কাজটি শেষ করা যায় সে বিষয়ে আলোচনা করেন। | (১) "Preparation of Urban Development Plan for Gazipur City Corporation" শীর্ষক প্রকল্পের মেয়াদ আগামী জুন/২০২৩ পর্যন্ত বৃদ্ধি করার প্রস্তাব স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(২) DUET কর্তৃক নিয়োগকৃত Sub- Consultant Access Asia লিঃ এর মাধ্যমে DUET নির্ধারিত বর্ণিত সময়ের মধ্যে কাজটি শেষ করার জন্য DUET কে অনুরোধ জানীয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(৩) জিসিসি কর্তৃক এ বিষয়ে বিশেষজ্ঞ নিয়োগের মাধ্যমে DUET এর Sub- Consultant কর্তৃক কৃত কাজ বুঝে নেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রকল্প পরিচালক প্রকৌশল বিভাগ |

আলোচ্যসূচী ঃ-০৩ রাজস্ব খাতের নতুন প্রকল্প গ্রহণ বিষয়ক আলোচনা ঃ-

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|---|
| ০১. | আলোচনায় অংশগ্রহণ করে উপস্থিত কাউন্সিলরগণ জানান যে, দীর্ঘ ০৩ (তিন) বছর নিজস্ব/উন্নয়ন অর্থায়নে তারা কোন উন্নয়নমূলক কাজ করতে পারেন নাই। নিজস্ব তহবিলের অর্থ দিয়ে রাস্তাঘাট উন্নয়নের কোন উন্মুক্ত টেন্ডার দেয়া হয় নাই। সাবেক বরখাস্তকৃত মেয়র ও তাঁর ঘনিষ্ঠজনেরা অত্যন্ত গোপনীয়তা অবলম্বন করে পছন্দের ঠিকাদারী প্রতিষ্ঠানকে দিয়ে সিডিউল স্পেসিফিকেশন ও এলাইনমেন্ট অনুসরণ না করেই কাজ করানোর নামে সংশ্লিষ্ট বিভাগদের কে জোরপূর্বক বিল প্রনয়ন করিয়ে তা উত্তোলন করা হয়েছে। ফলে টেন্ডার করা হলেও প্রতিটি ওয়ার্ডের অভ্যন্তরীন রাস্তাঘাটের কোন উন্নয়ন করা সম্ভব হয় নাই। সম্মানিত কাউন্সিলরগণ অদ্যকার সভায় অনুমোদিত প্রকল্প তালিকা থেকে অগ্রাধিকার ভিত্তিতে এই শুস্ক মৌসুমে নিজস্ব/উন্নয়ন তহবিলের টেন্ডার কার্যক্রম শুরু করার প্রস্তাব করেন।<br>সভাপতি মহোদয় সভায় বলেন ২৬ তম সভায় গৃহিত ও অনুমোদিত উপ-প্রকল্পগুলো জোন ভিত্তিক বর্তমান রেট সিডিউল অনুসরণে দ্রুতার সাথে প্রাক্কলন প্রস্তুত করার জন্য সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীগণকে নির্দেশ প্রদান করেন। এই বিষয়ে অতিরিক্ত প্রধান প্রকৌশলীকে সমন্বয় করে কাজ করার তাগিদ দেয়া হয়। শুস্ক মৌসুমেই অর্থের সংস্থান স্বাপেক্ষে টেন্ডার প্রক্রিয়া গ্রহনের আশ্বাস প্রদান করা হয়।<br>২৬ তম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী আলোচ্যসূচী-৩ এর খ তে ভুলবশত সাবেক টঙ্গী পৌরসভা ভবনটি প্রায় ৩০-৪০ বৎসরের পূরাতন উল্লেখ্য করা হয়। প্রকৃত পক্ষে ইউনিয়ন পরিষদ আমলের ভবন ও পৌর ভবন প্রায় ৫০-৬০ বৎসরের পূরাতন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ৩০-৪০ বৎসর সংখার স্থলে ৫০-৬০ বৎসর সংখাটি প্রতিস্থাপনের প্রস্তাব করা হয়।<br>সভায় আলোচনান্তে কিছু প্রকল্প ২৬তম সভার পরিশিষ্ট-খ তালিকায় অন্তর্ভূক্ত না হওয়ায় উহা সংযোজনের অনুরোধ জানান হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ক) সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে জরুরীভাবে প্রাক্কলন প্রস্তুতপূর্বক রাজস্ব খাতে অর্থের সংস্থান স্বাপেক্ষে পর্যায়ক্রমে দরপত্র আহবানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>খ) ঝুঁকিপূর্ণ ভবন সম্পর্কে বিস্তারিত আলোচনা পর্যালোচনান্তে ভবনটি ৩০-৪০ বৎসরের পূরাতন সংখার স্থলে ৫০-৬০ বৎসর এর পূরাতন সংখাটি প্রতিস্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>গ) নিজস্ব/উন্নয়ন অর্থায়নে নতুন প্রকল্পের জোন ভিত্তিক তালিকা পরিশিষ্ট "খ" অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রকৌশল বিভাগ |

আলোচ্যসূচী -০৪ ঃ রাজস্ব বিষয়ক আলোচনা ঃ

(ক) রাজস্ব আদায় সংক্রান্ত আলোচনা ঃ-

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|---|
| ০১. | সভাপতি সভাকে জানান যে, উন্নয়নের মূল চালিকা শক্তি হলো রাজস্ব আয় রাজস্ব বিভাগের প্রতিটি শাখার রাজস্ব আয় বৃদ্ধির জন্য কর্মকর্তাদের আরো দায়িত্বশীল ও চৌকস একটিভিটিস প্রয়োজন। রাজস্ব আয়ের সুবিধার্থে কিছু নিয়মকানুন শিথীল করে সহজিকরণের জন্য সভায় উপস্থিত কাউন্সিলরবৃন্দ মতামত ব্যক্ত করেন। সিটি কর্পোরেশনের প্রধান রাজস্ব কর্মকর্তা রাজস্ব বিভাগের আদায় ও অন্যান্য কার্যক্রমের প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। সভাপতি মহোদয় সভাকে জানান যে, বিগত সময়ে রাজস্ব বিভাগের কার্যক্রম সন্তোষজনক ছিল না। তিনি ট্যাক্সেশন রুলস অনুযায়ী রাজস্ব আয়ের গতিশীলতা আনয়নের লক্ষ্যে রাজস্ব বিভাগের কার্যক্রম জোরদার করার প্রস্তাব পুনর্ব্যক্ত করেন। | সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহিত হয়:-<br>ক) রাজস্ব বিভাগের কর্মকর্তা এবং কর্মচারীদেরকে ট্যাক্সেশন রুলস অনুযায়ী রাজস্ব বিভাগের কার্যক্রম পরিচালনা ও রাজস্ব আদায় মার্জিনেবল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | রাজস্ব বিভাগ |

(খ) ARB বিষয়ক আলোচনা ঃ-

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|---|
| ০১. | ক) সভায় উপস্থিত প্রধান রাজস্ব কর্মকর্তা কর আদায় সংক্রান্ত/কর নির্ধারণ সংক্রান্ত সমস্যা সমাধান করার জন্য কর পর্যালোচনা বোর্ড (ARB) পুন:গঠন করায় ধন্যবাদ জানান। কর পর্যালোচনা পরিষদের যে সকল সম্মানিত কাউন্সিলর সদস্য মনোনীত হয়েছেন তাঁরা মাননীয় মেয়র মহোদয়কে ধন্যবাদ জানান<br>কর পর্যালোচনা পরিষদ-০৩ এর সম্মানিত সদস্য জনাব মোহাম্মদ নুরুল ইসলাম, কাউন্সিলর ওয়ার্ড নং-৪৬ তাঁকে সদস্য মনোনয়ন দেয়ায় মাননীয় মেয়র মহোদয়কে ধন্যবাদ জানান। তিনি পারিবারিক/সামাজিক বিভিন্ন কাজে এবং ক্রিড়া বিষয়ক বিভিন্ন দায়িত্ব পালনে ব্যস্ত থাকায় কর পর্যালোচনা পরিষদের সভায় অংশগ্রহণ করা প্রায় অসম্ভব হবে। কর পর্যালোচনা পরিষদ স্বার্থক করে তোলার লক্ষ্যে অন্য কোন কাউন্সিলরকে উক্ত দায়িত্ব অর্পনের প্রস্তাব করেন।<br>খ) সভাপতি সভাকে জানান যে, জনাব মোঃ আবুল কালাম আজাদ, কাউন্সিলর, ওয়ার্ড নং-১১, ০৭ নং অঞ্চলের কর পর্যালোচনা পরিষদের সম্মানিত সদস্য মনোনয়ন দেওয়া হয়। ভুলক্রমে একই সাথে ৭নং জোনের সভাপতি হিসেবে দায়িত্ব প্রদান করা হয়। এই বিষয়ে বিস্তারিত আলোচনা পূর্বক কর পর্যালোচনা পরিষদের সদস্য হিসেবে মনোনয়ন বহাল রাখা এবং ৭ নং জোনের সভাপতি পদ থেকে অব্যাহতি দিয়ে ৮নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ সেলিম রহমান কে সভাপতি পদে স্থলাভিষিক্ত করার প্রস্তাব করা হয়। | ক) সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ১৯৮৬ সনের সিটি কর্পোরেশন ট্যাক্সেশন আইনের ৭(৪) ধারা মোতাবেক গাজীপুর সিটি কর্পোরেশন কর্তৃক ধার্য্যকৃত করের বিপরীতে দায়েরকৃত আপীল আবেদন সমূহের নিস্পত্তির জন্য সম্মানিত কাউন্সিলর, আইনজীবি ও প্রকৌশলীর সমন্বয়ে গঠিত ০৮ (আট) টি কর পর্যালোচনা পরিষদের রিভিউ কার্যক্রম শুরু করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>খ) এই বিষয়ে বিস্তারিত আলোচনা পূর্বক কর পর্যালোচনা পরিষদের সদস্য হিসেবে মনোনয়ন বহাল রাখা এবং ৭ নং জোনের সভাপতি পদ থেকে অব্যাহতি দিয়ে ৮নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ সেলিম রহমান কে সভাপতি পদে স্থলাভিষিক্ত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | রাজস্ব বিভাগ |

আলোচ্যসূচী -০৫ ঃ বিভিন্ন রাস্তা ও ড্রেন জরুরী ভিত্তিতে মেরামত বিষয়ক আলোচনা ঃ-

RFQ পদ্ধতিতে বাস্তবায়ন যোগ্য প্রকল্প তালিকা ঃ-

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|---|
| ০১. | নির্বাহী প্রকৌশলীগণ সভাকে জানান যে, বিভিন্ন উন্নয়ন সংস্থার অর্থায়নে গৃহিত প্রকল্পগুলোর দৈর্ঘ প্রস্থ আকারে বড় হওয়ায় ওয়ার্ড ভিত্তিক কম প্রস্থের সংযোগ রাস্তার উন্নয়নে তেমন প্রকল্প হাতে নেয়া হয়নি। ফলে এলাকায় অবস্থিত ছোট ছোট রাস্তা/ড্রেন ব্যবহার অনুপযোগী হয়ে পড়েছে। তাই জরুরী ভিত্তিতে নিম্নেবর্ণিত প্রকল্পগুলোর কাজ আরএফকিউ পদ্ধতির মাধ্যমে বাস্তবায়ন করার প্রস্তাব করেন। | সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নরূপ প্রকল্পগুলো অতীব জরুরী বিধায় Request for Quatation (RFQ) পদ্ধতিতে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রকৌশল বিভাগ |

| ক্র.নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|
| ০১. | মাঝুখান টঙ্গী-কালীগঞ্জ রাস্তা হতে একটিভ প্রি-ক্যাডেট হাইস্কুল পর্যন্ত রাস্তায় বালি ভরাট ও সোলিং মেরামত করণ। | ৪৯৩০০০ |
| ০২. | গাজীপুর সিটি কর্পোরেশনের ০৭নং অঞ্চলের ১১নং ওয়ার্ডের বাগিয়া নদীরপাড় মহল্লায় নতুন কালভার্টের উভয় পার্শ্বে মাটি দ্বারা ভরাট করন | ৪৮৫৫৬৫ |
| ০৩. | শহীদ বরকত স্টেডিয়ামের পূর্ব পার্শ্বে বালি ভরাট করণ। | ৪৯৭০০০ |
| ০৪. | শহীদ বরকত স্টেডিয়ামের দক্ষিণ পার্শ্বে বালি ভরাট করণ। | ৪৯৪০০০ |
| ০৫. | গাজীপুর কেন্দ্রীয় শহীদ মিনারের সম্মুখে বাউন্ডারী ওয়াল নির্মাণ (১ম অংশ) | ৪৯৬৭০০ |
| ০৬. | গাজীপুর কেন্দ্রীয় শহীদ মিনারের সম্মুখে বাউন্ডারী ওয়াল নির্মাণ (২য় অংশ) | ৪৯৭৬০০ |
| ০৭. | গাজীপুর সিটি কর্পোরেশন নগর ভবনের ১ম ও ২য় তলার টয়লেট মেরামত করণ | ৪৬৭৫০০ |
| ০৮. | শহীদ বরকত স্টেডিয়ামের বাউন্ডারী ওয়াল প্লাষ্টার ও মেরামত করণ। | ৪৯৩১০০ |

চ্যসূচী -০৬ ঃ বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ক আলোচনা ঃ-

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|---|
| ০১. | ক) সভায় উপস্থিত কাউন্সিলরগণ জানান যে, গাজীপুর সিটি কর্পোরেশন এলাকায় বর্তমানে ময়লা আবর্জনা ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। ময়লা আবর্জনা অপসারণের জন্য পর্যাপ্ত কঞ্জারভেন্সী শ্রমিক, ট্রাক ড্রাইভার, হেলপার নাই। এ ছাড়া ময়লা আবর্জনা রাখার জন্য পর্যাপ্ত ডাম্পিং স্টেশন নেই। ফলে ময়লা অপসারণে সমস্যা হচ্ছে। এ প্রসঙ্গে সভাপতি মহোদয় সভাকে জানান যে, যে সকল ওয়ার্ডে বর্জ্য বেশী সে সকল ওয়ার্ডে বেশী শ্রমিক ও ট্রাক বরাদ্দ করা হবে। ইতিমধ্যে বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদন করার লক্ষ্যে ১০০ বিঘা জমি অধিগ্রহণ কার্যক্রমসহ Canves Environmental Investment Co.Ltd. প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদন প্রক্রিয়াদিন আছে।<br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ও বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা জানান যে, শ্রমিক, ট্রাক ড্রাইভার, হেলপার এর সল্পতার মাঝেও ড্রেন পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম চালিয়ে যাওয়া হচ্ছে। জনবলের অপ্রতুলতার কারণে সময়মত ময়লা আবর্জনা সাইট থেকে ডাম্পিং স্টেশনে না ফেলার কারণে কিছু কিছু স্থানে ড্রেনে ময়লা পরে যাচ্ছে। তিনি আরো জানান সীমিত জনবল নিয়ে রুটিন করে কাউন্সিলরদের সহায়তা এবং পরামর্শে ড্রেন পরিষ্কার কার্যক্রম চালানো হচ্ছে।<br>সভাপতি কড্ডা ডাম্পিং স্টেশনের পার্শ্বস্থ রাস্তা নূন্যতম ২০ ফিট ক্লিয়ার করে বর্জ্য অপসারণ করার পরামর্শ দেন। প্রয়োজনে খুটি দ্বারা রাস্তার সাইট বেরিয়ার দিয়ে রাস্তা উন্মুক্ত রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে। বর্জ্য অপসারণের জন্য ইতোমধ্যে দুটি এক্সাভেটর/পে-লোডার ক্রয়ের কার্যক্রম পক্রিয়াধীন আছে।<br>খ) সভাপতি সভাকে জানান সিটি কর্পোরেশন এলাকায় মশার উপদ্রব অত্যন্ত বৃদ্ধি পেয়েছে। বর্ষা মৌসুমের পূর্বেই মশক নিধনের জন্য প্রয়োজনীয় ঔষধ সংগ্রহ, ফগার মেশিন সচলপূর্বক ক্রাশ প্রোগ্রাম করে সমস্ত এলাকায় বিশেষ করে ড্রেন, নর্দমা, ময়লা পুকুর ও বাসা বাড়ীর আনাচে কানাচে মশার ঔষধ প্রয়োগ করা প্রয়োজন। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে প্রয়োজনীয় ব্যস্থা গ্রহনের প্রস্তাব গৃহিত হয়। | সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে কাউন্সিলরদের সহযোগিতা নিয়ে রুটিন মাফিক ক্রাশ প্রোগ্রামের মাধ্যমে ড্রেন,ডোবা,নালা, খাল পরিষ্কার পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা নেয়া এবং নির্দিষ্ট স্থানে বর্জ্য অপসারণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>আলোচনান্তে ক্রাশ প্রোগ্রাম করে মশার ঔষধ প্রয়োগের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয় এবং মওজুদ থাকা অবস্থায় মশার ঔষধ ক্রয় করা। | প্রকৌশল বিভাগ |

**আলোচ্যসূচী ০৭ ঃ- বিবিধ বিষয়ক আলোচনা ঃ**

**বিবিধ ঃ ১) মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন বিষয়ক আলোচনাঃ-**

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|---|
| ০১. | প্রধান নির্বাহী কর্মকর্তা সভায় উপস্থিত সকলকে জানান যে, মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা মোতাবেক কর্মসূচী অধিকতর সুচারুরূপে আগামী ০১.০৩.২০২২ তারিখ হতে মাস ব্যাপী নিভিন্ন কর্মসূচী বাস্তবায়নের নিমিত্তে আলোচনা ও বিভিন্ন বাস্তবায়ন উপ-কমিটি গঠনের প্রস্তাব করা হয়।<br>বিশেষ করে ০৭ মার্চ বঙ্গবন্ধুর ঐতিহাসিক ভাষনের উপর আলোচনা, মুক্তিযুদ্ধের চেতনা, মুক্তিযুদ্ধের স্মৃতিচারণ, ১৭ই মার্চ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০২ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২২ যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য এবং ১৯ মার্চ গাজীপুর প্রথম সশস্ত্র প্রতিরোধের বীরদের প্রতি গবির শ্রদ্ধা জ্ঞাপন ও বীর শহীদদের রুহের মাগফেরাত কামনা, ২৬ শে মার্চ মহান স্বাধীনতার দিবস যথাযোগ্য মর্যাদায় পালন ও বিভিন্ন কর্মসূচী গ্রহন এবং বীরত্বগাঁথা "মুক্তিযুদ্ধে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী স্বাধীনতার মহানায়ক জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর অবদান" সম্পর্কে আলোচনা সভা, বীর মুক্তিযোদ্ধাদের সম্মাননা প্রদান এবং মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজনের প্রস্তাবনা আনা হয়। | মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা মোতাবেক কর্মসূচী অধিকতর সুচারুরূপে পালনের লক্ষ্যে নিম্ন বর্ণিত কমিটি গঠনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | স্বাস্থ্য বিভাগ। |
| | <u>সার্বিক তদারকি কমিটি</u><br>১। জনাব মো: আমিনুল ইসলাম, প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন।<br>২। জনাব মো: আব্দুল হান্নান, সচিব (ভাঃ), গাজীপুর সিটি কর্পোরেশন।<br>৩। জনাব এবিএম এহছানুল মামুন, প্রধান রাজস্ব কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন।<br>৪। জনাব নমিতা দে, প্রধান সম্পত্তি কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন।<br>৫। জনাব মো: জহিরুল ইসলাম, আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-২।<br>৬। জনাব নাসরিন সুলতানা, আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৮।<br>৭। জনাব ফিরোজ আল মামুন, আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৫।<br>৮। জনাব মোসা: ইসমত আরা, আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৪।<br>৯। জনাব মাহমুদা শাহরীন মাধবী, আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৩।<br>১০। জনাব মো: আকবর হোসেন, অতিরিক্ত প্রধান প্রকৌশলী।<br>১১। জনাব মো: আব্দুল হামিদ সরকার, বস্তি উন্নয়ন কর্মকর্তা।<br>১২। জনাব মোঃ লেহাজ উদ্দিন, নির্বাহী প্রকৌশলী।<br>১৩। জনাব মো: মজিবুর রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী।<br>১৪। জনাব মো: নুরুল আমিন ভূইয়া, তত্ত্বাবধায়ক প্রকৌশলী।<br>১৫। জনাব ডা: মোহাম্মদ রহমত উল্লাহ, স্বাস্থ্য কর্মকর্তা।<br><br><u>অভ্যর্থনা কমিটি</u><br>১। জনাব শামীম আরা রিনি- আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল- ৬।<br>২। জনাব কে, এম, জহুরুল আলম- আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-১।<br>৩। জনাব মোছা: শিরিন সুলতানা, প্রধান কল্যাণ কর্মকর্তা।<br>৪। জনাব শেখ মোহাম্মদ ইয়াসীন, হিসাব রক্ষক। | | |

**দাওয়াত পত্র তৈরী এবং বিতরণ**

| | | |
|---|---|---|
| ১। | জনাব মোঃ নাসির উদ্দিন মোল্লা , কাউন্সিলর, ৫৪ নং ওয়ার্ড | আহবায়ক |
| ২। | জনাব মো: মজিবুর রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী | সদস্য |
| ৩। | জনাব মো: ইব্রাহিম খলিল, নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) | সদস্য |
| ৪। | জনাব মো: লেহাজ উদ্দিন, নির্বাহী প্রকৌশলী | সদস্য |
| ৫। | জনাব মো: জাকির হোসেন, কর নির্ধারণ কর্মকর্তা | সদস্য |
| ৬। | জনাব নেজামুল হক, সহকারী সচিব | সদস্য |
| ৭। | জনাব মো: মোস্তাফিজুর রহমান, | সদস্য সচিব |

**মঞ্চ সজ্জা উপ- কমিটি**

| | | |
|---|---|---|
| ১। | জনাব মোঃ শাহজাহান মিয়া, কাউন্সিলর, ২৯ নং ওয়ার্ড | আহবায়ক |
| ২। | জনাব এবিএম এহছানুল মামুন, প্রধান রাজস্ব কর্মকর্তা | সদস্য |
| ৩। | জনাব মো: রকিবুল হাসান রাসেল, সহকারী প্রকৌশলী | সদস্য |
| ৪। | জনাব মোসা. ইসমত আরা, আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল- ৪ | সদস্য |
| ৫। | জনাব মো: মাইদুল ইসলাম, সহকারী প্রকৌশলী | সদস্য সচিব |

**আপ্যায়ন ও উপহার ক্রয় উপ- কমিটি**

| | | |
|---|---|---|
| ১। | জনাব কাজী আবু বকর সিদ্দিক, কাউন্সিলর, ৫০ নং ওয়ার্ড | আহবায়ক |
| ২। | জনাব কে, এম,জহুরুল আলম, আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল- ০১ | সদস্য |
| ৩। | জনাব নমিতা দে, প্রধান সম্পত্তি কর্মকর্তা | সদস্য |
| ৪। | জনাব এ কে এম হারুনুর রশিদ, নির্বাহী প্রকৌশলী | সদস্য |
| ৫। | জনাব মো: মোস্তাফিজুর রহমান, | সদস্য সচিব |

**খাদ্য বিতরণ উপ- কমিটি**

| | | |
|---|---|---|
| ১। | জনাব মোঃ আবুল হোসেন, কাউন্সিলর, ৫৬ নং ওয়ার্ড | আহ্বায়ক |
| ২। | জনাব মো: আকরাম হোসেন খান, নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) | সদস্য |
| ৩। | জনাব মো: রকিবুল হাসান রাসেল, সহকারী প্রকৌশলী | সদস্য |
| ৪। | জনাব মো: মাইদুল ইসলাম, সহকারী প্রকৌশলী | সদস্য |
| ৫। | জনাব মো: আবদুর রশীদ, লাইসেন্স কর্মকর্তা | সদস্য |
| ৬। | জনাব মো: কামরুল ইসলাম পাঠান, কর নির্ধারণ কর্মকর্তা | সদস্য |
| ৭। | জনাব মলয় কুমার দাস, ফুড এন্ড স্যানিটেশন অফিসার | সদস্য |
| ৮। | জনাব মোঃ নজরুল ইসলাম, সহকারী প্রকৌশলী(পানি) | সদস্য |
| ৯। | জনাব মোঃ আব্দুল হামিদ সরকার, বস্তি উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ১০। | জনাব নুরুজ্জামান মৃধা, সম্পত্তি কর্মকর্তা | সদস্য |
| ১১। | জনাব মোঃ ফাইজুল হক খন্দকার, সহকারী হিসাব রক্ষণ | সদস্য |
| ১২। | জনাব মো: ইব্রাহীম খলিল, নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) | সদস্য সচিব |

কমিটিসমূহ স্ব স্ব বিষয়ে যাবতীয় প্রয়োজনীয়ব্যবস্থা গ্রহণ করবে এবং সিটি কর্পোরেশন যাবতীয় ব্যয়ভার বহন করবে। নিম্নেবর্ণিত খরচসমূহ অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্র:নং | বিষয় | টাকার পরিমাণ |
|---|---|---|
| ০১. | ২৬-২৮ শে ফেব্রুয়ারী গাজীপুর সিটি কর্পোরেশনের ০৮টি অঞ্চলে একযোগে টিকাদান কর্মসূচীতে প্রতিটি কেন্দ্রে ব্যানার তৈরি করন। | ২৫০০০০ |
| ০২. | ২৬-২৮ শে ফেব্রুয়ারী গাজীপুর সিটি কর্পোরেশনের ০৮টি অঞ্চলে একযোগে টিকাদান কর্মসূচীতে টিকা কার্ড তৈরি করন | ১১৫০০০০ |
| ০৩. | ২৬-২৮ শে ফেব্রুয়ারী গাজীপুর সিটি কর্পোরেশনের ০৮টি অঞ্চলে একযোগে টিকাদান কর্মসূচীতে রঙিন বেলুন ক্রয়। | ৫৭০০০ |
| ০৪. | ২৬-২৮ শে ফেব্রুয়ারী গাজীপুর সিটি কর্পোরেশনের ০৮টি অঞ্চলে একযোগে টিকাদান কর্মসূচীতে মুক্তা পানি ৩০০মিলি/৫০০মিলি ক্রয় । | ১২১০০০০ |
| ০৫. | ০৭ই মার্চ উপলক্ষ্যে গাজীপুর সিটি কর্পোরেশনের ০৮টি অঞ্চলে ও বঙ্গতাজ অডিটোরিয়াম আলোক সজ্জা করন। | ৫০০০০০ |
| ০৬. | পবিত্র মাহে রমজান উপলক্ষ্যে ন্যায্যমূল্যে নিত্য প্রয়োজনীয় দ্রব্য ক্রয়ের লক্ষ্যে পরিবার পরিচিতি কার্ড ছাপানো কাজ। | ৭১৫০০০ |
| ০৭. | ০৭ই মার্চ উপলক্ষ্যে নগরভবনে ০৫ই মার্চ আলোচনা সভা ও মিলাদ মাহফিল এর মিষ্টি ক্রয়। | ১৬০০০০ |

স্বাস্থ্য বিষয়ক আলোচনা ঃ-

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|---|
| ০১. | ক) স্বাস্থ্য কর্মকর্তা সভাকে জানান যে, দেশব্যাপী জাতীয় প্রোগ্রাম গণটিকার আওতায় বিভিন্ন স্বাস্থ্য কেন্দ্রসহ প্রতিটি ওয়ার্ডে একাধিক কেন্দ্রে উৎসবমুখর পরিবেশে সিটি কর্পোরেশনের পক্ষ থেকে স্বাস্থ্য সেবা যথাযথভাবে প্রদানে স্বাস্থ্য কর্মীগণ সচেষ্ট আছেন। সকল স্বাস্থ্য কেন্দ্রে ২৬.০২.২০২২ তারিখ সর্বমোট ২,৭৬,৫৩০ জনকে ডোজ টিকা সম্পন্ন করা হয়েছে। এখনো প্রচুর টিকা প্রত্যাশিদের জনসমাগম পরিলক্ষিত হওয়ায় সরকারী নির্দেশে গণটিকা কর্মসূচী দুই দিন বৃদ্ধি করে ২৭.০২.২০২২ এবং ২৮.০২.২০২২ তারিখ পর্যন্ত প্রথম ডোজ পরিচালিত হবে। টিকা প্রদান স্বাস্থ্য সেবার মান বৃদ্ধিসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহন করা হয়েছে এবং প্রক্রিয়া চলমান থাকবে। সভায় টিকা কেন্দ্রের যাতায়াত ও যানবাহন জ্বালানী বাবদ প্রতিদিন প্রতিটি ওয়ার্ডে ১০ হাজার টাকা করে প্রদানের প্রস্তাব করা হয়।<br>খ) সম্মানিত কাউন্সিলর ও প্যানেল মেয়র ৩ মোসাঃ আয়েশা আক্তার এবং খন্দকার নুরুন্নাহার সবাকে জানান জন্ম নিবন্ধন সনদ প্রদানের বিষয়ে পদ্ধতি সহজিকরণ করা প্রয়োজন। জনসাধারণকে জন্ম নিবন্ধন সনদ পেতে অনেক দুর্ভোগ পোহাতে হয়। আইনকানুনের বেড়াজালে পরে সহজ সরল জনসাধারণ আবেদন পত্র পূরণে অসস্থি বোধ করে। সরকারী নিয়মের ভিতরে থেকে অধিকতর সহজিকরণের প্রস্তাব করা হয়। উপস্থিত সকল কাউন্সিলরগণ প্রস্তাবের সাথে একমত প্রকাশ করেন। | (ক) সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে গণটিকা কর্মসূচী সফলভাবে পরিচালনা করতে সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর কার্যালয়ের মাধ্যমে খরচ বাবদ ৩০ হাজার টাকা করে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(খ) স্বাস্থ্য বিভাগ কর্তৃক স্বাস্থ্য সেবার মান আরো গতিশীল করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | স্বাস্থ্য বিভাগ। |

বিবিধ ঃ- ৩) সম্পত্তি বিষয়ক আলোচনা ঃ-

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|
| ক) প্রধান সম্পত্তি কর্মকর্তা সভাকে জানান যে, সিটি কর্পোরেশনের আওতাধীন ২৮টি স্থায়ী বাজার , ০৭টি গণশৌচাগার এবং ০২টি খেয়া ঘাট রয়েছে। ২৮টি স্থায়ী বাজার উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে ইজারা প্রদানের প্রস্তাব করা হয়। গণশৌচাগার ও খেয়া ঘাট ইজারা প্রদান করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। পূর্বের ইজারাকৃত বাজারগুলো ইজারাদার কর্তৃক ইজারার টাকা পরিশোধ না করার কারণে ইজারা বাতিল করে খাস আদায়ের জন্য আলোচনা করা হয়। যদি ইজারাদার বকেয়া টাকা পরিশোধ করে তবে খাস আদায় বাতিল করে উক্ত ইজারাদারকে বাজারের ইজারা বুঝিয়ে দেয়ার প্রস্তাব করা হয়।<br>খ) জয়দেবপুর বাজারে অবস্থিত কিচেন মার্কেটের ৮৫ টি দোকান নির্মাণ ও বরাদ্দ প্রদানে অনিয়ম বিষয়ে আপত্তি উত্থাপিত হলে উহা তদন্তের লক্ষ্যে পূর্বের কমিটি বিলুপ্ত করে ১৬ সদস্য বিশিষ্ট নতুন কমিটি গঠন করার প্রস্তাব করা হয়।<br>গ) গাজীপুর সিটি কর্পোরেশনের ইজারাকৃত যে সকল হাট বাজার মামলা ও বিভিন্ন ধরনের জটিলতার কারণে গাজীপুর সিটি কর্পোরেশন ইজারাদারকে বাজার বুঝিয়ে দিতে পারে নাই। সেই সকল বাজারের ইজারাকৃত টাকা মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে ফেরত দেওয়ার জন্য প্রস্তাব করা হয়। | ক) সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। ইজারাদার বকেয়া টাকা পরিশোধ করলে খাস আদায় বাতিল করে উক্ত ইজারাদারকে বাজারের ইজারা বুঝিয়ে দেয়ার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>খ) সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে কমিটি সংশোধন করে ১৬ সদস্য বিশিষ্ট নতুন কমিটি গঠনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>গ) সভায় বর্ণিত বিষয়ে আলোচনান্তে গাজীপুর সিটি কর্পোরেশনের ইজারাকৃত যে সকল হাট বাজার মামলা ও বিভিন্ন ধরনের জটিলতার কারণে গাজীপুর সিটি কর্পোরেশন ইজারাদারকে বাজার বুঝিয়ে দিতে পারে নাই। সেই সকল বাজারের ইজারাকৃত টাকা মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে ফেরত দেওয়ার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | সম্পত্তি বিভাগ |

বিবিধ ঃ- ০৪) পরিবহন বিষয়ক আলোচনা ঃ-

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|
| অত্র সিটি কর্পোরেশনে যানবাহন রাখার নির্ধারিত কোন স্থান নেই। দৈনন্দিন গাড়ীগুলো ওয়াশ করার জন্য কোন ওয়ার্কসপ/সার্ভিস সেন্টার নেই। যার ফলে অতিমূল্যবান যানবাহনগুলো অকেজো ও নষ্ট হয়েছে যাচ্ছে। দীর্ঘদিন এভাবে যানবাহনগুলো ওয়ার্কসপের অভাবে অযত্নে মূল্যবান সম্পত্তি বিনষ্ট হচ্ছে বিধায় জরুরীভাবে সিটি কর্পোরেশনের নিজস্ব ওয়ার্কসপ ও সার্ভিস সেন্টার করার প্রস্তাব করা হয়। সভায় এ বিষয়ে সম্ভাব্য ব্যয়ের প্রাক্কলন প্রস্তুত করার সুপারিশ করা হয়। | সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে জরুরীভাবে সিটি কর্পোরেশনের নিজস্ব সম্পত্তির মধ্যে একটি ওয়ার্কসপ ও সার্ভিস সেন্টার নির্মাণ করার লক্ষ্যে প্রাক্কলন প্রস্তুতের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রকৌশল বিভাগ (যান্ত্রিক শাখা) |

বিবিধ ঃ- ০৫) আইন বিষয়ক আলোচনা ঃ- প্যানেল আইন উপদেষ্টা নিয়োগ প্রদান প্রসঙ্গে ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|
| সভাপতি সভাকে জানান যে, বর্তমানে রাস্তা ঘাট, ড্রেনসহ বিভিন্ন উন্নয়ন কাজের জন্য বিভিন্ন মামলা মোকদ্দমা দায়ের হয়েছে। মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে গাজীপুর জজ কোর্টে মামলা পরিচালনার জন্য ০৪ (চার) জন আইন উপদেষ্টা এবং হাই কোর্টে মামলা পরিচালনার জন্য ০৩ (তিন) জন আইন উপদেষ্টা নিয়োগের অনুমোদন হয়। ২৬ তম সভায় গাজীপুর জজ কোর্টের মামলা পরিচালনা করার জন্য যে সকল বিজ্ঞ আইন উপদেষ্টা নিয়োগ করা হয়েছে তাঁর মধ্যে ১ নং ক্রমিকে উল্লেখিত সিনিয়র আইনজীবি এ্যাডঃ মোঃ আব্দুস সাত্তার গত ১৬-০২-২০২২ইং তারিখে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তাঁর আকস্মিক মৃত্যুতে পরিষদের পক্ষ থেকে গভীর শোক প্রকাশ করা হয় এবং মরহুমের আত্মার মাগফেরাত কামনাপূর্বক শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জানানো হয়। আইন উপদেষ্টা প্যানেল ১ এর মৃত্যুতে অন্য একজন সিনিয়র আইনজীবিকে তদস্থলে স্থলাভিষিক্ত করার প্রস্তাব করা হয়। | সিদ্ধান্তঃ- সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত আইনজীবিকে মহুমের স্থানে স্থলাভিষিক্ত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>১. এড. সেহেরীন আক্তার, গাজীপুর জজ কোর্ট | আইন/প্রশাসন বিভাগ |

**বিবিধ: ৬) ধন্যবাদ প্রস্তাব ও নিন্দা প্রস্তাব গ্রহণ ঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|
| উপস্থিত ২৯নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মো: শাহজাহান মিয়াসহ অধিকাংশ কাউন্সিরবৃন্দ সভাকে জানান যে,ভারপ্রাপ্ত মেয়র মহোদয় দায়িত্ব গ্রহনের পর প্রথম সভাতেই যথাসময়ে সভার কার্যবিবরণী সকলের হাতে বিতরণের ব্যবস্থা করায় সতস্ফুতভাবে সম্মনিত কাউন্সিলগণ সন্তুষ্টি প্রকাশ করেন। সিটি কর্পোরেশনের ওয়ার্ড ভিত্তিক উন্নয়নের জন্য ৬৩৬ টি প্রকল্প কাউন্সিলরদের পরামর্শে গ্রহণ করায় এবং তা সর্বসম্মতিক্রমে অনুমোদন লাব করায় মেয়র সহ উপস্থিত সকল সদস্য এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের ধন্যবাদ জ্ঞাপন করেন। অপরদিকে সাবেক সাময়িক বরখাস্তকৃত মেয়র এর সময়ে সঠিকভাবে মাসিক সভার রেজুলেশন বিতরণ করা হয়নি। মাসিক সভাও যথাযথভাবে করা হয়নি। পরিষদে কোন জবাবদিহীতা ছিলনা বল্লেই চলে। সেচ্ছাচারিতা ও একগুয়েমির কারণে উন্নয়ন বাধাগ্রস্থ হয়। চেইন অব কমান্ড ভেঙ্গে পড়ে। উল্লেখিত কারণে সভায় উপস্থিত অধিকাংশ কাউন্সিলর ১১তম সভা থেকে ২৪ তম সভায় গৃহিত সিদ্ধান্তের কোন দায়দায়িত্ব নেবেন না মর্মে সভাকে জানান। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে কটুক্তিকারী সাময়িক বরখাস্তকৃত মেয়র মোহাম্মদ জাহাঙ্গীর আলমের বিরুদ্ধে বর্ণিত কারণে নিন্দা প্রস্তাব আনা হয়। সভায় উপস্থিত কাউন্সিলরগণ এ বিষয়ে একমত পোষন করেন। | সিদ্ধান্ত:- সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে অনুমোদনকৃত প্রকল্প তালিকা থেকে অর্থের সস্থান স্বাপেক্ষে পর্যায়ক্রমে দরপত্র আহবানের সিদ্ধান্ত নেয়ায় মাননীয় মেয়র (ভারপ্রাপ্ত) কে ধন্যবাদ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>অপরদিকে অপরদিকে সাবেক সাময়িক বরখাস্তকৃত মেয়র এর সময়ে সঠিকভাবে মাসিক সভার রেজুলেশন বিতরণ করা হয়নি। মাসিক সভাও যথাযথভাবে করা হয়নি। পরিষদে কোন জবাবদিহীতা ছিলনা বল্লেই চলে। সেচ্ছাচারিতা ও একগুয়েমির কারণে উন্নয়ন বাধাগ্রস্থ হয়। চেইন অব কমান্ড ভেঙ্গে পড়ে। উল্লেখিত কারণে সভায় উপস্থিত অধিকাংশ কাউন্সিলর ১১তম সভা থেকে ২৪ তম সভায় গৃহিত সিদ্ধান্তের কোন দায়দায়িত্ব নেবেন না মর্মে সভাকে জানান। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে কটুক্তিকারী সাময়িক বরখাস্তকৃত মেয়র মোহাম্মদ জাহাঙ্গীর আলমের বিরুদ্ধে বর্ণিত কারণে নিন্দা প্রস্তাব গ্রহণ করা হয়। | প্রশাসন বিভাগ |

**বিবিধ: ৭) ২২৮ জন দৈনিক মজুরীর ভিত্তিতে শ্রমিক নিয়োগ সংক্রান্ত ঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|
| সাবেক বরখাস্তকৃত মেয়রের সময় মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে ২২৮ জন দৈনিক মজুরীর ভিত্তিতে শ্রমিক ১ বৎসরের জন্য নিয়োগ দেয়া হয়েছিল। ১ বৎসর মেয়াদ উত্তীর্ণ হওয়ার পরও পুনরায় মেয়াদ বর্ধিত না করার কারণে উক্ত ২২৮ জন দৈনিক মজুরীর ভিত্তিতে শ্রমিকের বেতন অবৈধতার কারণে ২৬তম মাসিক সভায় আলোচনা সাপেক্ষে স্থগিত রাখা হয়। বর্তমান ভারপ্রাপ্ত মেয়র মানবিক বিষয় সু-বিবেচনা করে সংশ্লিষ্ট মন্ত্রণালয় থেকে পুনরায় ১ বৎসরের জন্য মেয়াদ বৃদ্ধি অনুমোদন করে আনেন। অনুমোদন প্রাপ্তির প্রেক্ষিতে ২২৮ জনের স্বাক্ষাৎকার টঙ্গী অঞ্চলে ১৪/০২/২০২২ইং তারিখে ও নগর ভবনে ১৭/০২/২০২২ইং তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সাক্ষাৎকারে উপস্থিত এবং কর্মস্থলে প্রতিনিয়ত কর্মরতদের আগামী ০১.০৩.২০২২ তারিখ হতে কর্মস্থলে পুনর্বহাল করা হবে মর্মে সভাকে অবহিত করেন। উল্লেখিত ২২৮ জনের মধ্যে কর্মে নিয়োজিতদের বকেয়া পাওনাদি পরিশোধের বিষয়েও বিস্তারিত আলোচনা পর্যালোনা করে বিশেষ বিবেচনায় বকেয়া বেতন/পাওনাদি প্রদানের সুপারিশ প্রদান করা হয়। | সিদ্ধান্ত:- সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে দৈনিক মজুরীর ভিত্তিতে শ্রমিক নিয়োগের অনুমোদন পাওয়ায় সাক্ষাৎকারে উপস্থিত ও কর্মে নিয়োজিতদের ০১.০৩.২০২২ তারিখ থেকে পুর্নঃ নিয়োগ এবং মন্ত্রণালয়ের সকল নিয়মনীতি অনুসরণ করে ন্যায্য বকেয়া বেতন/পাওনাদি পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসন/প্রকৌশল/ হিসাব বিভাগ |

**বিবিধ: ৮) নির্ধারিত সংখ্যক মাসিক সভা না করা প্রসঙ্গে ঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|
| ৩৫ নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব আব্দুল্লাহ আল মামুন মন্ডল সভাকে জানান যে, সাময়িক বরখাস্তকৃত মেয়র জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম তার দায়িত্ব পালনকালীন সময়ে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ১৩/১ এর (চ) উপধারা অনুযায়ী বার্ষিক ১২টি মাসিক সভার পরিবর্তে ৯ টি সভা করতে ব্যর্থ হয়েছেন। তার বিরুদ্ধে উক্ত আইনের ধারা অনুযায়ী ব্যবস্থা নেওয়ার প্রস্তাব করেন। সভায় উপস্থিত কাউন্সিলর এ বিষয়ে একমত পোষন করেন। | সিদ্ধান্ত:- সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ১৩/১ (চ) ধারার বিধান অনুযায়ী ব্যবস্থা নেওয়ার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসন বিভাগ |

**বিবিধ: ৯) লাশ দাফনের বরাদ্দ পুন:নির্ধারণ ঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|
| সভায় উপস্থিত কাউন্সিলরগণ জানান যে, গাজীপুর সিটি কর্পোরেশনের কবরস্থানে বেওয়ারিশ লাশ দাফনের জন্য প্রাপ্ত বয়স্ক প্রতি লাশ ১৮০০ টাকা বরাদ্দ এবং অপ্রাপ্ত বয়স্ক প্রতি লাশ ৮০০ টাকা বরাদ্দ আছে। যাহা প্রয়োজনের তুলনায় কম। লাশ দাফনের খরচ বৃদ্ধি করে প্রাপ্ত বয়স্ক প্রতি লাশ ২,০০০ টাকা এবং অপ্রাপ্ত বয়স্ক প্রতি লাশ ১,০০০ টাকা বরাদ্দ করার প্রস্তাব করেন। সম্মানিত কাউন্সিলর জনাব জাবেদ আলী সভায় জানান যে, কাউন্সিলরগণ সর্বদা মানব সেবায় নিয়োজিত থাকেন তাই কাউন্সিলরদের মধ্যে কোন সদস্য মৃত্যুবরণ করলে তাঁর লাশ দাফনে ফি মওকুফ করার প্রস্তাব করেন। সভায় সভাপতি ও কিছু সদস্য প্রস্তাবে দ্বিমত পোষন করেন। | সিদ্ধান্ত:- সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে বেওয়ারিশ লাশ দাফনের খরচ প্রাপ্ত বয়স্ক প্রতি লাশ ১৮০০ টাকার পরিবর্তে ২,০০০ টাকা এবং অপ্রাপ্ত বয়স্ক প্রতি লাশ ৮০০ টাকা পরিবর্তে ১,০০০/- টাকার বরাদ্দ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসন ও হিসাব বিভাগ |

বিভিন্ন ওয়ার্ডে প্রকল্প গ্রহন ও বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|
| ৪২ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব আব্দুস সালাম সভাকে জানান যে, ২৬ তম সভায় গৃহিত প্রকল্পের মধ্যে আমার ওয়ার্ডে কিছু প্রকল্প বাদ পড়েছে। প্রকল্পগুলো গুরুত্বপূর্ণ ছিল। আমি যেভাবে প্রস্তাব দিয়েছি সেভাবে অনুমোদন না হওয়ায় দুঃখ প্রকাশ করেন।<br>সভাপতি এ বিষয়ে জানান যে, সম্মানিত কাউন্সিলর আপনার ওয়ার্ডে বরাদ্দকৃত অর্থের কয়েকগুণ বেশি অংকের প্রকল্প প্রস্তাব দিয়েছেন। যা অনুমোদন করা এবং অর্থের সস্থান করা সম্ভব নয় বিধায় সকল প্রকল্প গ্রহন করা সম্ভব হয়নি।<br>৩৩ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মিজানুর রহমান বলেন তাঁর ওয়ার্ডে শহীদস্মৃতি স্কুল সড়ক নির্মাণ কাজ বেশ কিছুদিন যাবদ ঠিকাদার ফেলে রাখায় যাতায়াতে মারাত্তক ভাবে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। তাছাড়া বিভিন্ন রাস্তার মাঝে বাজার বসে ফুটপাত বেদখল করে যাতায়াতে বিঘ্ন সৃষ্টি করছে। অবৈধ অটো রিকসা দ্বারা প্রতিটি রাস্তায় যানজটের সৃষ্টি হয়। এ বিষয়ে করণীয় সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন।<br>৪০ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব আজিজুর রহমান শিরিষ সভাকে জানান যে, বিভিন্ন রাস্তার উন্নয়নে রাস্তার প্রশস্ততা বাড়ানোর জন্য রাস্তার পার্শ্বের বাড়ী-ঘর, দোকান, মার্কেটসহ বিভিন্ন স্থাপনা ভেঙ্গে উন্মুক্ত করে দেয়ার পর সেই অনুপাতে রাস্তার প্রশস্ততা বাড়িয়ে নির্মাণ কাজ হচ্ছে না। এতে করে অধিকাংশ উন্মুক্ত রাস্তার জায়গায় পুনরায় বেদখল হয়ে যাচ্ছে। এ বিষয়ে ব্যবস্থা গ্রহনের প্রস্তাব করেন।<br>১৫ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব ফয়সাল আহমেদ সরকার সভাকে জানান যে, বীর মুক্তিযোদ্ধা আ.ক.ম মোজাম্মেল হক (মাননীয় মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়) স্যারের নামে ভোগড়া বাইপাস থেকে নাসরিন জামান ফ্যাক্টরী হয়ে ফয়সাল আহমেদ সরকার সড়ক পর্যন্ত নামকরণ করার প্রস্তাব করেন। উক্ত প্রস্তাব অনুমোদনের অনুরোধ করেন। ঢাকা ময়মনসিংহ সড়ক হতে বাসন সড়ক হয়ে নাওনা মোড় পর্যন্ত ফয়সাল আহমেদ সরকার সড়কে গেট/তোরন নির্মাণের প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় আলোচনা হয়।<br>১৬ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ মোসলেম উদ্দিন চৌধুরী সভাকে জানান যে, সিটি কর্পোরেশন এলাকার অধিকাংশ ড্রেন পরিষ্কারের অভাবে পানি ও পয়ঃনিষ্কাশন হচ্ছে না। বর্ষা মৌসুম আসার পূর্বেই দ্রুত ড্রেন পরিষ্কারের প্রস্তাব করেন। বিভিন্ন রাস্তায় ড্রেনের স্লাব ভেঙ্গে যাওয়ায় জণসাধারণ দুর্ঘটনায় কবলিত হচ্ছে। উহা মেরামতের জন্য প্রস্তাব করেন।<br>০১ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ ওসমান গণী লিটন সভায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে সকল ভাষা শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা জানান ও সকলের রুহের মাগফেরাত কামনা করেন। বাজামূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক স্থায়ী কমিটিতে সভাপতি মনোনয়ন দেয়ায় মাননীয় মেয়র মহোদয়সহ সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বলেন বাজারমূল্য নিয়ে জনমনে যেন কোন বিভ্রান্তি সৃষ্টি না হয় তাঁর জন্য কমিটির সাথে সমন্বয় করে দ্রব্যমূল্যের বাজার নিয়ন্ত্রন করা প্রয়োজন। ২৬ তম মাসিক সমন্বয় সভায় পরিশিষ্ট খ তে উল্লেখিত ৩৫ নং প্রকল্পটি সংশোধনের প্রস্তাব করেন।<br>সভাপতি মহোদয় সভাকে জানান যে, প্রস্তাবটি যাচাই করে বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে।<br>সম্মানিত কাউন্সিলর ওয়ার্ড নং ১৯, ২২, ২৩, ২৫, ২৬, ২৯, ৩১ সহ সভায় উপস্থিত কাউন্সিলরবৃন্দ তাদের ওয়ার্ডে বাস্তাবায়নাধীন উন্নয়ন প্রকল্পের কাজগুলো দ্রুত সমাপ্ত করার অনুরোধ জানান।<br>২৯ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ শাজাহান সভাকে জানান গাজীপুর সিটি কর্পোরেশনের অঞ্চল-৭ কোনাবাড়ীতে কর্মরত নির্বাহী প্রকৌশলী মোঃ দেলোয়ার হোসেন ছিলেন অত্যন্ত নম্র, ভদ্র, মৃদুভাষি ও সদালাপী। ঐ অঞ্চলের বিল প্রদান বিষয়ে তাঁর সচ্ছতা, জবাবদিহীতার কারণে অসদুপায় অবলম্বন করে কেউ বিল প্রস্তুত করতে পারেনি। ফলে তাঁর সাথে স্বার্থান্বেশি মহলের সত্রুতা সৃষ্টি হয়। আমার ধারণা তাঁরই ধারাবাহিকতায় নির্মমভাবে তাঁকে প্রাণ দিতে হয়। এই লোমহর্ষক হত্যার তীব্র নিন্দা এবং প্রকৃত দুঃকৃতিকারী খুনীদের নিরোপেক্ষ তদন্তের মাধ্যমে খুঁজে বের করে আইনের আওতায় আনার এবং সর্বোচ্চ শাস্তি প্রদানের প্রস্তাব করা হয়। উক্ত প্রকৌশলীর মৃত্যুবার্ষিকী পালন, স্মৃতি চারণকরণ এবং মহুমের স্মৃতিকে ধরে রাখার জন্য একটি স্মৃতি স্তম্ভ নির্মাণ করার প্রস্তাব করা হয়।<br>সভাপতি উক্ত প্রস্তাবকে স্বাগত জানান, মরহুমের স্মৃতি জাগ্রত করে প্রতিটি জোনে ব্যানার স্থাপন এবং প্রকৃত হত্যাকারীদের শাস্তি দাবী করেন।<br>৪৭ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব সাদেক আলী সভাকে জানান যে, আসন্ন রমজান মাসে মরকুন কবরস্থান মসজিদে ব্যপক মুসুল্লিদের সমাগম হয়। তাই মসজিদের দ্বিতল ভবন পুনরায় নির্মাণের প্রস্তাব করেন।<br>২৬ তম সভায় গৃহিত বিভিন্ন স্থায়ী কমিটি এবং কর পর্যালোচনা কমিটিতে সভাপতি ও সদস্য মনোনয়ন করায় সংশ্লিষ্ট কাউন্সিলরবৃন্দ সভাপতিকে ধন্যবাদ জানান। সকল কমিটির কার্যক্রম স্বার্থকতার সহিত সফল করার জন্য প্রত্যয় ব্যক্ত করেন। | সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়।<br>ক) রাস্তার নামকরণ এবং উন্নয়ন সংক্রান্ত সকল প্রস্তাবনা নিয়মনীতি অনুসরণ করে পর্যায়ক্রমে বাস্তবায়ন করা হবে। ১৫নং ওয়ার্ড কাউন্সিলর প্রস্তাব মতে বীর মুক্তিযোদ্ধা আ.ক.ম মোজ্জাম্মেল হক মাননীয় মন্ত্রী মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় এর নামে রাস্তার নাম করন করার সর্বসম্মতক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>খ) পবিত্র মাহে রমজান উপলক্ষ্যে মরকুন মসজিদের দ্বিতল ভবন নির্মাণের অনুমোদন দেয়া হয়।<br>গ) ১৫নং ওয়ার্ড কাউন্সিলর এর আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত রাস্তার নাম করন নিজস্ব অর্থায়নে গেইট নির্মাণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রকৌশল বিভাগ |

বিবিধ: ১১) কিচেন মার্কেট সংক্রান্ত বিষয় ঃ

<table>
<tr><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী শাখা/বিভাগ</th></tr>
<tr>
<td>সভায় উপস্থিত ২৯নং ওয়ার্ড কাউন্সিলর জনাব জনাব মোঃ শাহজাহান মিয়া এবং ২৭ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ জাবেদ আলী, ২৬ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ হান্নান মিয়াসহ ৪ নং অঞ্চলের কাউন্সিলরগণ জানান যে, জয়দেবপুর বাজারে কিচেন মার্কেটটি দীর্ঘদিন যাবৎ প্রকৃত ব্যবসায়ীরা বরাদ্দ পাচ্ছে না। দীর্ঘদিন পূর্বে টাকা জমা দিয়েও তারা তাদের দোকানের পজিশন বুঝে পায়নি। এতে ব্যবসায়ীরা ক্ষতিগ্রস্থ হচ্ছেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেছেন। তিনি আরও জানান যে, কিচেন মার্কেটটি BMDF প্রকল্প এর অর্থায়নে পৌরসভার আমলেই করা হয়েছে। ৮৫টি দোকান বরাদ্দ দেয়া হয়েছিল। সাময়িক বরখাস্তকৃত সাবেক মেয়রের সময়ে ৮৫টি দোকান ভেঙ্গে প্রায় ১৩.৫০ কোটি টাকা ব্যয় করে নতুন করে কাজ করা হচ্ছে। কিন্তু দোকান মালিকগণ এখনও দোকান বুঝে পায় নাই। কিচেন মার্কেট নির্মাণ ও দোকান বরাদ্ধে অনিয়ম বিষয়ে পরিষদের সভায় আপত্তি উত্থাপিত হলে উহা তদন্তের লক্ষ্যে পূর্বের কমিটি সংশোধন করে ১৬ সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠনের প্রস্তাব করা হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করেন।</td>
<td>সিদ্ধান্তঃ- সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পূর্বের কমিটি সংশোধন করে ১৬ সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি নিম্নরূপভাবে গঠনের সিদ্ধান্ত গৃহিত হয়।
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>নাম</th><th>পদবী</th><th>কমিটির পদ</th></tr>
<tr><td>০১.</td><td>জনাব মোঃ আমিনুল ইসলাম</td><td>প্রধান নির্বাহী কর্মকর্তা</td><td>আহবায়ক</td></tr>
<tr><td>০২.</td><td>জনাব আয়েশা আক্তার</td><td>কাউন্সিলর ও প্যানেল মেয়র-৩</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৩.</td><td>জনাব মোঃ রফিকুল ইসলাম</td><td>কাউন্সিলর, ২৪ নং ওয়ার্ড</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৪.</td><td>জনাব মোঃ মজিবুর রহমান</td><td>কাউন্সিলর, ২৫ নং ওয়ার্ড,</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৫.</td><td>জনাব মোঃ হান্নান মিয়া</td><td>কাউন্সিলর, ২৬ নং ওয়ার্ড</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৬.</td><td>জনাব মোঃ জাবেদ আলী</td><td>কাউন্সিলর, ২৭ নং ওয়ার্ড</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৭.</td><td>জনাব মোঃ হাসান আজমল ভূঁইয়া</td><td>কাউন্সিলর, ২৮ নং ওয়ার্ড</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৮.</td><td>জনাব মোঃ শাজাহান মিয়া</td><td>কাউন্সিলর, ২৯ নং ওয়ার্ড</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৯.</td><td>জনাব মোঃ আনোয়ার হোসেন</td><td>কাউন্সিলর, ৩০ নং ওয়ার্ড</td><td>সদস্য</td></tr>
<tr><td>১০.</td><td>জনাব মোঃ মকবুল হোসেন</td><td>কাউন্সিলর, ৩১ নং ওয়ার্ড</td><td>সদস্য</td></tr>
<tr><td>১১.</td><td>জনাব খন্দকার নুরুন্নাহার</td><td>কাউন্সিলর, ২৫,২৬ ও ২৭ নং ওয়ার্ড</td><td>সদস্য</td></tr>
<tr><td>১২.</td><td>জনাব মোঃ আকবর হোসেন</td><td>অতিরিক্ত প্রধান প্রকৌশলী</td><td>সদস্য</td></tr>
<tr><td>১৩.</td><td>জনাব নমিতা দে</td><td>প্রধান সম্পত্তি কর্মকর্তা</td><td>সদস্য</td></tr>
<tr><td>১৪.</td><td>জনাব মোঃ মজিবুর রহমান</td><td>তত্ত্বাবধায়ক প্রকৌশলী</td><td>সদস্য</td></tr>
<tr><td>১৫.</td><td>জনাব রকিবুল হাসান রাসেল</td><td>সহকারী প্রকৌশলী</td><td>সদস্য</td></tr>
<tr><td>১৬.</td><td>জনাব এস. এম. শামসুর রহমান</td><td>নির্বাহী প্রকৌশলী</td><td>সদস্য সচিব</td></tr>
</table>
</td>
<td>সম্পত্তি ও স্বাস্থ্য বিভাগ</td>
</tr>
</table>

বিবিধ: ১৩) বিভিন্ন বিভাগ ও শাখার কাজ অটোমেশনকরণ প্রসঙ্গে ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|
| সভায় উপস্থিত কাউন্সিলরগণ জানান যে, সিটি কর্পোরেশনের আর্থিক স্বচ্ছতা আনয়নের জন্য প্রাথমিকভাবে রাজস্ব বিভাগ (কর আদায় শাখা, কর নির্ধারণ শাখা, লাইসেন্স শাখা) এবং হিসাব বিভাগের কার্যক্রম অটোমেশন আনয়ন করা প্রয়োজন। এ লক্ষ্যে হোল্ডিং ট্যাক্স ম্যানেজমেন্ট সফ্টওয়্যার, লাইসেন্স ম্যানেজমেন্ট সফ্টওয়্যার এবং একাউন্টস্ ম্যানেজমেন্ট সফ্টওয়্যার প্রনয়ন পূর্বক অটোমেশন করার সর্বসম্মত প্রস্তাব করেন। | সিদ্ধান্তঃ- সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে অত্র সিটি কর্পোরেশনের হিসাব বিভাগ, কর আদায় শাখা, কর নির্ধারণ ও লাইসেন্স শাখা অটোমেশন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | রাজস্ব বিভাগ |

বিবিধ: ১৪) বিভিন্ন মুদ্রনজনিত ত্রুটি সংশোধন করন প্রসঙ্গে ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|
| সভাপতি সভাকে জানান যে, সিটি পরিষদের ২৬তম সমন্বয় সভার কার্যবিবরণী সূচনা পর্বে গাজীপুর মহানগর আওয়ামী লীগ সভাপতি বীর মুক্তিযোদ্ধা জনাব এডভোকেট মোঃ আজমত উল্লাহ খান এর নাম করনে ভুলবশত; পদবী লিপিবদ্ধ হয়নি। এ বিষয়ে সভাপতি সভায় আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করেন এবং সংশোধনী | সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পদবী সংযোজন করে বীর মুক্তিযোদ্ধা এডভোকেট মোঃ আজমত উল্লাহ খান, সভাপতি, গাজীপুর মহানগর আওয়ামী লীগ প্রতিস্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসন/প্রকৌশল |

| ২৬তম সভায় অনুমোদিত প্রকল্পের নাম ও প্রাক্কলিত মূল্য | সংশোধীত প্রকল্পের নাম ও প্রাক্কলিত মূল্য |
|---|---|
| জিরাইতলী রাস্তা হতে বাচ্চু মোক্তারের বাড়ী হইয়া সিরাজ মাওলানা জামে মসজিদ পর্যন্ত রাস্তা আর.সি.সি করন কাজ = ১,৬৭,৫০,০০০ | জিরাইতলী রাস্তা হতে বাচ্চু মোক্তারের বাড়ী হইয়া সিরাজ মাওলানা জামে মসজিদ পর্যন্ত রাস্তা কার্পেটিং করন কাজ এবং হায়দারাবাদ ধীরারটেক হতে আরিফের হয়ে সাদেক মোল্লার বাড়ী পর্যন্ত সি.সি করন কাজ = ১,৬৭,৫০,০০০ |
| হায়দারাবাদ রমণী কুমার স্কুল রাস্তা হইতে সৈয়দ সামছুল আলমের বাড়ী হইয়া সুজন কুমার পৈত এর বাড়ী পর্যন্ত আর সি সি রাস্তা নির্মাণ=৩৮,১৫,৭৭০ | হায়দারাবাদ রমণী কুমার স্কুল রাস্তা হইতে সৈয়দ সামছুল আলমের বাড়ী হয়ে সুজন কুমার পৈত এবং ইকবাল এর বাড়ী পর্যন্ত রাস্তা সি সি রাস্তা নির্মাণ= ৩৮,১৫,৭৭০ |
| বাড়ইবাড়ী সোরল রাস্তা হইতে নবী হোসেন এর বাড়ী হইয়া সরুজ খানের বাড়ী পর্যন্ত রাস্তা কার্পেটিং করণ কাজ = ১০,০০,০০০ | বাড়ইবাড়ী সোরল রাস্তা হইতে নবী হোসেন এর বাড়ী হইয়া সরুজ খানের বাড়ী পর্যন্ত রাস্তা কার্পেটিং করণ কাজ = ১,০০,০০,০০০ |
| চাপুলিয়া শরিফ সাহেবের বাড়ীর উত্তর দিকের রাস্তার মোড় থেকে পূর্ব দিকের রাস্তায় সিসি করণ = ৭,৫১,৫২০ | চাপুলিয়া বিআইডিসি-মহিলা ঘাট রাস্তা হতে উত্তর দিকে শরিফ সাহেবের বাড়ীর রাস্তা কার্পেটিং করন = ৩৬,৫০,০০০ |

সভার গৃহিত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে স্ব-স্ব বিভাগকে পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/০২/২০২২

আসাদুর রহমান কিরণ
মেয়র (ভারপ্রাপ্ত)
গাজীপুর সিটি কর্পোরেশন।

বিতরণ ঃ-
কাউন্সিলর (সকল)
গাজীপুর সিটি কর্পোরেশন
গাজীপুর।

স্মারক নং-৪৬.১৯.০০০০.০০৪.০৬.০০১.২২.৬৬ (১৬)

তারিখঃ ২৭.০২.২০২২ খ্রিঃ

**অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ;**

১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৩. প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৪. প্রধান রাজস্ব কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৫. প্রধান সম্পত্তি কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৬. প্রধান সমাজকল্যাণ কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৭. আইন কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৮. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৯. মেয়র মহোদয়ের একান্ত সচিব, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর (মাননীয় মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
১১. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
১২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
১৩. নির্বাহী প্রকৌশলী (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
১৪. প্রধান নির্বাহী কর্মকর্তা-এর ব্যক্তিগত সহকারী, গাজীপুর সিটি কর্পোরেশন (প্রধান নির্বাহী কর্মকর্তা-এর অবগতির জন্য)।
১৫. জনাব ..................................................................
১৬. অফিস কপি।

29.02.22

প্রধান নির্বাহী কর্মকর্তা
গাজীপুর সিটি কর্পোরেশন
গাজীপুর।

| | | |
|---|---|---|
| ৪১. | হারবাইদ (খালপাড়া) হাবিব উল্যার বাড়ী সংলগ্ন পাকা রাস্তা হতে আলহাজ্ব ইয়াকুব আলী খানের বাড়ীর পূর্বপার্শ্ব পাকা রাস্তা হয়ে ডাঃ গোলজার খানের বাড়ী পর্যন্ত রাস্তা এইচ.বি.বি করন। | ৫০০০০০০ |
| ৪২. | মৈরান রাস্তা হতে ফজলুল হকের বাড়ী হয়ে হাফছার বাড়ী পর্যন্ত রাস্তা আর.সি.সি ড্রেন ও রাস্তা নির্মাণ। | ১৬১৫০০০০ |
| ৪৩. | নন্দীবাড়ী জামে মসজিদ হতে কান্তারটেক হয়ে গোলজার খান এর বাড়ী পর্যন্ত কার্পেটিং করন। | ৪১৪০০০০০ |
| ৪৪. | হারবাইদ ফাজিল মাদ্রাসা হতে কাউন্সিলর এর বাড়ী ও গোয়ালগাঁও কল্পনার বাড়ী হইতে মহসিনের বাড়ী পর্যন্ত কার্পেটিং করন। | ৩৩৩০০০০০ |
| ৪৫. | হারবাইদ আডাইয়া বাড়ী কফু মার্কেট আলমের বাড়ী হতে সাইফুলের বাড়ী পর্যন্ত সিসি রাস্তা করন। | ৬০০০০০ |
| ৪৬. | মারুকা মাগমারা বাড়ী হতে আনিস এর বাড়ী হয়ে বোবার বাড়ী পর্যন্ত কার্পেটিং করন। | ২০০০০০০০ |
| ৪৭. | কামারগাঁও পাকা রাস্তা হতে মন্দির হয়ে মায়ের দোয়া টেক্সটাইল হয়ে তালটিয়া বাসষ্টান্ড রাস্তা পর্যন্ত কার্পেটিং | ২৭৬০০০০০ |
| ৪৮. | মারুকা নুরুউদ্দিন এর বাড়ী হতে হামিদার বাড়ী পর্যন্ত কার্পেটিং করন। | ৬০০০০০০ |
| ৪৯. | সাতপোয়া বীরমুক্তিযোদ্ধা বিল্লাল হোসেন এর বাড়ী হতে হাজী মজিবুর রহমান এর বাড়ী হয়ে সাতপোয়া কেন্দ্রীয় মসজিদ হয়ে বড়পালাই টেক রাস্তা পর্যন্ত কার্পেটিং করন এবং পদহারবাইদ সুনীল এর বাড়ী হয়ে গোয়ালগাঁও সবুজ এর বাড়ী পর্যন্ত রাস্তা এইচবিবি করন। | ৩১২০০০০০ |
| ৫০. | তালটিয়া টঙ্গী কালীগঞ্জ রাস্তা হতে পরশমনি স্কুল, মিরের বাজার রাস্তা হয়ে রেললাইন পর্যন্ত রাস্তা আর.সি.সি ড্রেনসহ এইচ.বি.বি করণ কাজ। | ৮৫৩৪১১৫ |
| ৫১. | সাতানি পাড়া ছিকলিয়া রাস্তা হইতে সাহাপাড়া পশ্চিম বাড়ী শিব মন্দির পর্যন্ত রাস্তা আর সি সি করন কাজ। | ১৩৪৮৭১০০ |
| ৫২. | টঙ্গী কালিগঞ্জ রোডে বসুগাঁও ঈদগাহ মাঠ রাস্তা আর.সি.সি রাস্তা ও ড্রেন নির্মাণ। | ৩৫০০০০০ |
| ৫৩. | হায়দ্রাবাদ উত্তরপাড়া জয়বাংলা রাস্তা হতে বড়বাড়ী জামে মসজিদ পর্যন্ত রাস্তা সি.সি করন কাজ। | ৩৫০০০০০ |
| ৫৪. | হায়দ্রাবাদ আক্কাস মার্কেট হতে সুরুজ মাষ্টারের বাড়ী পর্যন্ত রাস্তা সি.সি করন কাজ। | ২৫৪০৬০০ |
| ৫৫. | হায়দ্রাবাদ মিজান মার্কেট হতে আহম্মেদের বাড়ী পর্যন্ত রাস্তা সি.সি করন কাজ। | ১৩৩০০০০ |
| ৫৬. | শুকুন্দিবাগ ফজর আলীর বাড়ী হতে সৈকতের বাড়ী হয়ে শহরের বাড়ী পর্যন্ত রাস্তা সি.সি করন কাজ। | ১২১৮৮৫০ |
| ৫৭. | তালগাইছারটেক হতে গরীবুল্লাহ মসজিদ, মজিবুরের বাড়ী হয়ে ঈদগাহ পাড়া পর্যন্ত রাস্তা আর.সি.সি করন কাজ। | ২৫২৮৯০০ |
| ৫৮. | এরশাদনগর বেরিবাধ হতে টেকবাড়ী কাজী মঞ্জুর বাড়ী পর্যন্ত আর.সি.সি রাস্তা ও আর.সি.সি ড্রেন নির্মাণ কাজ। | ২৬২৩৮৫৪০ |
| ৫৯. | এরশাদনগর মেইন রাস্তা রওশন এরশাদ সরকারী প্রাঃ বিদ্যালয় প্রাঙ্গণ পর্যন্ত আর.সি.সি পাইপ ড্রেন নির্মাণ। | ১৬০০০০০০ |
| ৬০. | কাই এ্যালুমিনিয়াম এর উত্তর সীমানা থেকে পূর্ব দিকে ড্রেনের সংযোগ পর্যন্ত ৫০০ ফিট | ৯৫০০০০ |
| ৬১. | দক্ষিণ সালনা যোগির গোপা পুকুরের পাড় হতে দেশীপাড়া বঙ্গবন্ধু কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকের জমি পর্যন্ত মাটির রাস্তা নির্মাণ। | ৬২০০০০০ |
| ৬২. | বিপ্রবর্থা কমিউনিটি ক্লিনিক হতে কাউলতিয়া আশরব আলী বাড়ী পর্যন্ত রাস্তায় এইচ.বি.বি করন। | ১৮৫০০০০ |
| ৬৩. | বাহাদুরপুর বাড়ী-সাগর মার্কেটের রাস্তা হতে মরহুম আজিজ এর বাড়ীর রাস্তা আর.সি.সি করন। | ৭৬৬৮০০০ |
| ৬৪. | জয়দেবপুর হতে ধীরাশ্রম হয়ে শুকুন্দিবাগ ব্রীজ পর্যন্ত রাস্তা কার্পেটিং মেরামত করন। | ৬৫৭০০০০ |
| ৬৫. | লস্করচালা সরকারী প্রাথমিক বিদ্যালয় হতে জনাব ফয়েজ এর বাড়ী হয়ে লোহাকৈর মাজার রাস্তায় জনাব বাদলের বাড়ী পর্যন্ত এবং লস্কর চালা কেন্দ্রীয় জামে মসজিদ পর্যন্ত রাস্তা মাটি দ্বারা উন্নয়ন করন। | ১৯৯৯৮৭৯০<br>১০৭০০৫৯ |
| ৬৬. | লস্করচালা জনাব শহর আলীর বাড়ী পার্শ্ব হতে লস্করচালা পূর্বপাড়া ইসলামিয়া জামে মসজিদ হয়ে মাদানী ফুড রাস্তা জনাব শফিজ উদ্দিনের বাড়ী পর্যন্ত রাস্তা মাটি দ্বারা উন্নয়ন করন। | ৪১৪৮৭৬ |
| ৬৭. | খা পাড়া রাস্তার উত্তর দিকে এপ্রিল ফ্যাশন হতে নয়া বাড়ীর জলিলের বাড়ী হয়ে এম এম জসিমের বাড়ী পর্যন্ত রাস্তা সি সি করন ও ড্রেন নির্মান।<br>দেওড়া আদর্শ পাড়া আনসার আলী রোডে আর সি সি ড্রেন নির্মান ও আর সি সি রাস্তা করন। | ১২১৫০৫৩০ |
| ৬৮. | সাতাইশ রোড হতে সাবেক কাউন্সিলর মজিবুর রহামানের বাড়ী পর্যন্ত রাস্তা আর সি সি করন। | ২৭৫০০০০০ |
| ৬৯. | টঙ্গী আরিচপুর মসজিদ রাস্তার বৌ বাজার কালভার্ট হতে গরু হাটা মসজিদ পর্যন্ত আর সি সি ড্রেন নির্মান। | ৪৬৩০০০০ |
| ৭০. | তিলারগাতি রাস্তা হতে রাজিয়া সুলতানা বাড়ীর পর্যন্ত রাস্তা সি সি করন। | ১৯০০০০০০ |
| ৭১. | ক) আরিচপুর শেরে বাংলা রোডে আলাউদ্দিন বাজার রাস্তা গাজী টাওয়ার পর্যন্ত রাস্তা সি সি করন। খ) আলাউদ্দিন বাজার হতে জালাল চিশতি বাড়ীর রাস্তা আর সি সি ড্রেন ও সি সি রাস্তা নির্মান। গ) বাতেনের বাড়ী হতে জামানের বাড়ী পর্যন্ত আর সি সি ড্রেন নির্মান ও রাস্তা সি সি করন। ঘ) দেলোয়ারের বাড়ী হতে হিন্দুর বাড়ী পর্যন্ত আর সি সি ড্রেন নির্মান ও রাস্তা সি সি করন। ঙ) আরিচপুর শেরে বাংলা রোডের পার্শ্বে মাহার বাড়ী পর্যন্ত রাস্তা সি সি করন। | ৭৩৭৫০০০<br>৫৭৯০০০০ |
| ৭২. | ক) আরিচপুর পুকুরপাড় দশ তলা সামছু মিয়ার বাড়ী পর্যন্ত আর সি সি ড্রেন নির্মান ও রাস্তা সি সি করন। খ) নতুন বাজার নওয়াব মিয়ার বাড়ী পর্যন্ত আর সি সি ড্রেন নির্মান। গ) মুন্সি পাড়া মসজিদের উত্তর পার্শ্বে গলি হতে সিরাজ ড্রাইভারে বাড়ী পর্যন্ত সি সি রাস্তা ও আর সি সি ড্রেন নির্মান। | ২৯৪০০০০ |
| ৭৩. | ক) তিন তলা মসজিদের উত্তর পার্শ্বে হাউজ বিল্ডিং এর রাস্তা সি সি করন ও আর সি সি ড্রেন নির্মান। খ) আরিচপুর মসজিদ রোড হতে ডাঃ রশিদের বাড়ী পর্যন্ত রাস্তা সি সি করন ও আর সি সি ড্রেন নির্মান। গ) কো-অপারেটিভ রাস্তা হতে উত্তর দিকে মেঘনা রোড পর্যন্ত রাস্তা সি সি করন ও আর সি সি ড্রেন নির্মান। | ৭৬০০০০০ |
| ৭৪. | গুটিয়া উত্তর পাড়া কার্পেটিং রাস্তা হতে পশ্চিম দিকে সাংবাদিক গাজী খলিলের বাড়ী হয়ে মুজাহিদুল ইসলামের প্লট পর্যন্ত রাস্তা এইচ বি বি করন ও মাটির রাস্তা। | ২২২৪০০০ |
| ৭৫. | প্রত্যাশা প্রধান রাস্তার শেষ সীমানা হতে হাজী আঃ লতিফের প্লটের উত্তর পার্শ্ব এবং হাজী আলী মেম্বারের জমির দক্ষিণ পার্শ্ব দিয়ে আলহাজ্ব মিজানুর রহমানের প্লট পর্যন্ত মাটির রাস্তা নির্মাণ। | ১২৫০০০০ |
| ৭৬. | মরকুন বাইতুল আরাম (খলিফা বাড়ী) মসজিদ হতে কালু মির্জার বাড়ী হয়ে মরকুন কবরস্থান রাস্তা পর্যন্ত আর সি সি ড্রেন ও রাস্তা সি সি করন কাজ। | |
| ৭৭. | মরকুন কবরস্থান মসজিদ তৃতীয় তলার ছাদ নির্মাণ | ১৯৭০০০০০ |
| ৭৮. | মরকুন কবরস্থানে মাটি ভরাট ও সৌন্দর্য বর্ধন করন। | ১৫০০০০০০ |
| ৭৯. | হাড়িনাল স্কুল রাস্তা থেকে দক্ষিণ ছায়াবীথি সংযোগ রাস্তায় মাটির ভরাট করণ। | ৫০০০০০০ |
| ৮০. | হাক্কানী হাউজিং সোসাইটির রাস্তা মেরামত। | ২৫০০০০০ |
| ৮১. | মরহুম মতি সাহেবের বাড়ি হতে পূর্ব ও দক্ষিণ দিকে নয়াবাড়ী পুকুর পর্যন্ত রাস্তা সিসিকরণ। উত্তর ছায়াবীথি ডাঃ ফিরোজ এর বাসার মোড় হতে উত্তর দিকে শ্মশান মেইন রোড পর্যন্ত কার্পেটিং রাস্তা মেরামত। পিলখানা মেইন রোড হতে হাড়িনাল উত্তর পাড়া মসজিদ পর্যন্ত কার্পেটিং রাস্তা মেরামত করণ। জোরপুকুর মেইন রোড হতে প্রফেসার এলাহী বাসার রাস্তা ড্রেনসহ রাস্তা সিসিকরণ। জোরপুকুর মেইন রোড হতে নুরুননবীর রাস্তা সিসিকরণ। শান্তিপল্লী রোড হতে পশ্চিম দিকে জামান সাহেবের রাস্তা সিসিকরণ। লালমাটি মিন্টুর বাড়ী রাস্তা সিসিকরণ। লালমাটি মসজিদ হতে | ২৫০০০০০<br>২৫০০০০০০ |

| | | |
|---|---|---|
| | পূর্বদিকে সিসি করণ। হাড়িনাল দক্ষিণপাড়া হতে লেবুবাগানের কালভার্ট পর্যন্ত সরকারী হালট দিয়ে মাটির রাস্তা করণ। মার্কাজ মেইন রোড হতে পূর্বদিকে টাংকির পাড় মেইনরোড পর্যন্ত মাটির রাস্তা নির্মাণ। | |
| ৮২. | উত্তর বিলাশপুর নয়নের বাড়ীর রাস্তা হতে সঞ্জিত কুমার মল্লিক বাবুর বাড়ী হয়ে বিলাশপুর ছাপড়া মসজিদ রাস্তা পর্যন্ত ড্রেনসহ আরসিসি রাস্তা নির্মাণ। | ৯৫০০০০০ |
| ৮৩. | আদাবৈ পেয়ারা বাগান হতে তরৎপাড়া পর্যন্ত কার্পেটিং রাস্তা মেরামত করণ। | ২৫০০০০ |
| ৮৪. | আদাবৈ পেয়ারা বাগান নিজাম উদ্দিন ভূইয়া এর বাড়ীর রাস্তা সোলিং করণ। তরৎপাড়া কোদাল ধোয়া মসজিদ হইতে ইব্রাহিম গাজীর বাড়ী পর্যন্ত মাটির রাস্তা নির্মাণ ও সোলিং করণ। আদাবৈ উত্তর পাড়া জামে মসজিদ হইতে রমিজ ড্রাইভারের বাড়ী পর্যন্ত মাটির রাস্তা নির্মাণ। সামান্তপুর মফিজ উদ্দিনের বাড়ীর রাস্তা সোলিং করণ। | ১০৩২৩০০ |
| ৮৫. | পশ্চিম জয়দেবপুর মদিনা নগর প্রফেসর মালেকের বাড়ী হতে মাহমুদের বাড়ী পর্যন্ত ড্রেনসহ সিসি করণ। | ২০০০০০০ |
| ৮৬. | লক্ষীপুরা দিরাইজিং কিন্ডার গার্টেন স্কুলের রাস্তায় আরসিসির ড্রেন নির্মাণ। | ২৩৭৫০০০ |
| ৮৭. | বাংলাদেশ কৃষি গবেষনা ইনিস্টিটিউট লেডিস ক্লাবের সংস্কার ও নতুন কক্ষ নির্মাণ। | ৮৫৫০০০ |
| ৮৮. | জয়দেবপুর-কলের বাজার রাস্তা হতে পশ্চিম দিকে কেরামত আলী মেম্বারের বাড়ী পর্যন্ত কার্পেটিং করণ। | ৩৬৬০৬৭০ |
| ৮৯. | জয়দেবপুর-কলের বাজার রাস্তা হতে অলেক মাতবরের বাড়ীর রাস্তা কার্পেটিং করণ। | ১৪১৬৯৯০ |
| ৯০. | ভাড়ারুল অলেক মাতবরের বাড়ীর রাস্তা হতে মসজিদের রাস্তা কার্পেটিং করণ। | ৩৬৩১১০ |
| ৯১. | মনির ক্যামিকেল রাস্তা হতে দক্ষিণ দিকে আনাস সাহেবের বাড়ীর রাস্তা পর্যন্ত ড্রেনসহ সিসি করণ। | ১১৬৮০০০ |
| ৯২. | মাঝির খোলা আবুল হোসেন সড়ক থেকে সেলিম সরকার ও ওহিদ পালানের বাড়ী পর্যন্ত ড্রেনসহ সিসি করণ। | ১৯০২৪০০ |
| ৯৩. | বিআইডিসি নন্দিতা সিনেমা হলের দক্ষিণ পার্শ্বে ডাঃ মনিরুল হকের বাড়ী হতে ব্যাংকার নজরুলের বাড়ী পর্যন্ত সিসি করণ। | ৫৮৩১২০ |
| ৯৪. | পশ্চিম ভূরুলিয়া মোল্লার দোকান থেকে রেললাইনের পশ্চিম পার্শ্ব দিকে চন্দনের বাড়ী পর্যন্ত এবং মাসুমের দোকান হয়ে রাজ্জাক নিবাস পর্যন্ত ড্রেনসহ কার্পেটিং করণ। | ১৯৬৭২৫০০ |
| ৯৫. | বিআইডিসি রোড এর তিতাস গ্যাস অফিস সংলগ্ন ব্রীজ হতে পূর্বদিকে চিলাইখালে পাড় দিয়ে শ্মশান ব্রীজ পর্যন্ত সোলিং রাস্তা নির্মাণ। | ১৫২২৫৬০০ |
| ৯৬. | জয়দেবপুর নগর ভবন এর গেইট থেকে ধীরাশ্রম বাজার হয়ে আব্বাস মার্কেট পর্যন্ত রাস্তা কার্পেটিং রাস্তা মেরামত করণ। | ২০০০০০০০ |
| ৯৭. | বড়বাড়ী শাহী জামে মসজিদ হতে সোলাইমান সরকারের বাড়ী পর্যন্ত আর.সি.সি ড্রেন ও সিসি রাস্তা নির্মাণ কাজ। | ১০৮০০০০০ |
| ৯৮. | নাওজোড় সিটি মেডিকেল হইতে দক্ষিন দিকের কুদ্দুসের বাড়ীর সামনে দিয়ে পশ্চিম দিকে বিএসটি রাস্তা পর্যন্ত প্রশস্ত করন ভায়া সমজিদের পশ্চিম পাশ দিয়ে আব্দুলের বাড়ী পাশ দিয়ে কেরানীবাড়ী পুকুরের উত্তর পাশে বিএসটি রাস্তা ব্রিক ড্রেন নির্মান। | ৬৯২০০০০ |
| ৯৯. | নাওজোড় বডি ফ্যাশনের রাস্তা আর.সি.সি ড্রেন/ ব্রিক ড্রেন নির্মান। | ১২০০৮০৩০ |
| ১০০. | ইটাহাটা আমিরাবাদেরচালা মনসুর ডাক্তারের বাড়ীর পশ্চিম পাশ হইতে পশ্চিম দিকে লালের টেক সংযোগ সড়ক পর্যন্ত আরসিসি রাস্তা করন। | ৫৯১২০৪৫ |
| ১০১. | ইটাহাটা শহীদ আশেক সড়ক নুরুর বাড়ী হইতে পশ্চিম দিকে ইমান আলীর বাড়ী পর্যন্ত রাস্তা সলিং করন | ১৩৮৮০২০ |
| ১০২. | ইটাহাটা কলাবাগান কার্পেটিং রাস্তা হতে ওসমান নেতার বাড়ী হয়ে সোবাহান উকিলের বাড়ী পর্যন্ত রাস্তা সলিং করন | ১৬৬৫৬২৫ |
| ১০৩. | যোগীতলা মেইন রোড হইতে পূর্ব দিকে কাউন্সিলর গিয়াস সরকার সাহেবের ডেইরী ফার্ম পর্যন্ত আর.সি.সি ড্রেন / ব্রিক ড্রেন নির্মাণ। | ১০২১৯৬০০ |
| ১০৪. | যোগীতলা-বাড়ৈপাড়া পাকা সড়কে বকুর দোকানের সামনে থেকে স্পেস সোয়েটার ফ্যাক্টরীর দক্ষিণ পাশ দিয়ে মহসিনের বাড়ি হয়ে মুন্সি বাড়ি কবরস্থান পর্যন্ত এইচবিবি রাস্তা নির্মাণ। | ৮৫১৯৬৭৪ |
| ১০৫. | (ক) বশীর সড়ক হইতে ব্যাংকার সুরুজ ও ওমর আলীর বাড়ী হয়ে ঢাকা ময়মনসিংহ রাস্তা পর্যন্ত এবং ভায়া পশ্চিমে বাইতুন নাজাত ইমান উদ্দিন সরকার জামে মসজিদ ও দক্ষিনে হোমিও কলেজ পর্যন্ত আরসিসি রাস্তা নির্মাণ। | ৮৯০০০০০ |
| | (খ) বশীর সড়ক হইতে ব্যাংকার সুরুজ ও ওমর আলীর বাড়ী হয়ে ঢাকা ময়মনসিংহ রাস্তা পর্যন্ত এবং ভায়া পশ্চিমে বাইতুন নাজাত ইমান উদ্দিন সরকার জামে মসজিদ ও দক্ষিনে হোমিও কলেজ পর্যন্ত লোড বিয়ারিং আরসিসি / ব্রিক ড্রেন নির্মাণ। | ১৫০০০০০০ |
| ১০৬. | (খ)ঢাকা-জয়দেবপুর মহাসড়ক হইতে লোটাস ভাইয়ের ধানের খোলা হয়ে জ্ঞান মোহন সরকার স্যারের বাড়ি ভায়া আলহাজ্ব আব্দুল স্যারের বাড়ি পর্যন্ত আরসিসি ড্রেন / ব্রিক ড্রেন নির্মান। | ৩১৯৩৬২৫ |
| ১০৭. | (খ) ঢাকা-জয়দেবপুর মহাসড়ক হইতে নলজানী ফোরকানীয়া মাদ্রাসা হয়ে মফিজ সাহেবের বাড়ির সামনে হইতে পশ্চিমে বসির সড়ক পর্যন্ত আর সিসি /ব্রিক ড্রেন নির্মাণ। | ১২০০০০০০ |
| ১০৮. | ব্রাদার্স ফ্যাশন ফ্যাক্টরীর পিছন হইতে হুরমুত সড়ক পর্যন্ত আরসিসি রাস্তা নির্মান। | ১০২৭৫৭০০ |
| ১০৯. | গাজীপুর-টাঙ্গাইল মহাসড়ক সংলগ্ন, আউটপাড়া সিটি কলেজ এর সামনে হইতে দক্ষিণে কাজিম উদ্দিন চৌধুরী স্কুল এন্ড কলেজ রোড এবং কয়েকটি লিংক রোড আর.সি.সি ড্রেন নির্মাণ। | ১৮১৩৯৭৯০ |
| ১১০. | পালের পাড়া ভিষান আলী জামে মসজিদ হইতে পূর্ব-উত্তরে সাবেক সিসি রাস্তা পর্যন্ত ও দক্ষিন পশ্চিমে হাজী হযরত আলীর বাড়ী হয়ে গেদু মোল্লার বাড়ী পর্যন্ত ও পালের পাড়া বিআরটিসি রোড হইতে দক্ষিনে প্রফেসর আমিন উদ্দিন এর বাড়ীর দক্ষিন পার্শ্ব পর্যন্ত এবং পালের পাড়া মোহম্মদ আলী স্কুল হইতে উত্তরে কালার টেক, সামসুল হক এর বাড়ির পশ্চিমে শেষ সীমানা ও উত্তর পূর্বে সেতু গার্মেন্টস এর রাস্তার সংযোগ সড়ক পর্যন্ত আরসিসি রাস্তা নির্মান। | ২০৯৭২১৩৪ |

29/07/2022

আসাদুর রহমান কিরণ
মেয়র (ভারপ্রাপ্ত)
গাজীপুর সিটি কর্পোরেশন।